ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



অবশেষে সালমান খানের সঙ্গে 'গোপন বিয়ে' মুখ খুললেন ঐশ্বরিয়া!

পৃঃ ৫




ছক্কা মেরে স্টেডিয়ামের দেয়াল ভাঙলেন কোহলি

পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৬০ ● কলকাতা ● ০৬ আশ্বিন, ১৪৩১ ● সোমবার ● ২৩ সেপ্টেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

# অধীর অধ্যায় শেষ,

## পশ্চিমবঙ্গ রাজ্য কংগ্রেসের নতুন সভাপতি শুভঙ্কর




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পশ্চিমবঙ্গ রাজ্য কংগ্রেসের সভাপতির পদ থেকে অধীর চৌধুরীকে সরিয়ে দেওয়া হয়েছে। তার স্থলাভিষিক্ত হয়েছেন আরেক কংগ্রেস নেতা শুভংকর সরকার।

গতকাল শনিবার গভীর রাতে চিঠি দিয়ে অধীর চৌধুরীকে রাজ্য কংগ্রেসের সভাপতির পদ থেকে সরিয়ে দেয় জাতীয় কংগ্রেস। চিঠিটি দিয়েছেন জাতীয় কংগ্রেসের সাধারণ সম্পাদক কে সি বেণুগোপাল।

লোকসভার সাবেক সদস্য অধীর চৌধুরী পশ্চিমবঙ্গের একজন ঝানু রাজনৈতিক নেতা হিসেবে পরিচিত। রাজ্য কংগ্রেসের সভাপতি সোমেন মিত্রর মৃত্যুর পর ২০২০ সালে তার স্থলাভিষিক্ত হয়েছিলেন অধীর চৌধুরী। তিনি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ও তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জির কট্টর সমালোচক।

জাতীয় কংগ্রেসের নেতৃত্বে গড়া বিজেপিবিরোধী ইন্ডিয়া জোটের শরিক তৃণমূল। জোটসঙ্গী হওয়া সত্ত্বেও মমতাকে মেনে নিতে পারেননি অধীর চৌধুরী; বরং তিনি মমতার কড়া সমালোচনা করে আসছিলেন।

রাজ্যের রাজনৈতিক মহলের ধারণা, অধীর চৌধুরীর এ অবস্থান মেনে নিতে পারেনি জাতীয় কংগ্রেস। তাই তাকে রাজ্য কংগ্রেসের সভাপতির পদ থেকে সরিয়ে দেওয়া হলো।

# জলযুদ্ধে' জমি ছাড়তে নারাজ মমতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পাঞ্চেত জলাধার থেকে জল ছাড়া নিয়ন্ত্রণে ডিভিসি-র ভূমিকায় ক্ষুব্ধ পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শনিবারই তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে এ বিষয়ে দ্বিতীয় চিঠিটি লিখেছেন। জানিয়েছেন, তিনি কেন্দ্রের আচরণের প্রতিবাদে দামোদর ভ্যালি জলাধার নিয়ন্ত্রণ কমিটি (ডিভিআরআরসি) থেকে রাজ্যের প্রতিনিধি প্রত্যাহার করে নিচ্ছেন।এ ছাড়া, বিভিন্ন গুরুত্বপূর্ণ নদীতে উপযুক্ত বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প প্রয়োগ করা প্রয়োজন, মনে করেন মমতা। তিনি জানিয়েছেন, অবিলম্বে সে সব প্রকল্পের পরিকল্পনা এবং বাস্তবায়ন প্রয়োজন। তার সব খরচ রাজ্য সরকারের উপর চাপিয়ে দেওয়া উচিত নয়। ইতিমধ্যে ঘাটাল মাস্টারপ্ল্যান (১২৩৮.৯৫ কোটি টাকা) এবং উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদহ বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পনার (৪৯৬.৭০ কোটি টাকা) জন্য ছাড়পত্র দেওয়া হয়েছে। মুর্শিদাবাদে ভূমিধস নিয়ন্ত্রণ প্রকল্পের জন্য কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের অর্থ বরাদ্দ এখনও বাকি আছে, মোদীকে চিঠিতে মনে করিয়ে দিয়েছেন মমতা। বিষয়গুলি বিবেচনা করতে প্রধানমন্ত্রীকে তিনি অনুরোধ করেছেন।এ বার সেই আবহেই ডিভিসি-র বোর্ড এবং ডিভিআরআরসি থেকে ইস্তফা দিলেন রাজ্যের দুই শীর্ষ আধিকারিক। ডিভিসি বোর্ড থেকে সরে গিয়েছেন পশ্চিমবঙ্গের বিদ্যুৎ দফতরের সচিব শান্তনু বসু। ডিভিআরআরসি থেকে ইস্তফা দিয়েছেন রাজ্যের প্রতিনিধি তথা সেচ দফতরের প্রধান ইঞ্জিনিয়ার। ডিভিসি ছাড়াও জল কমিশন, পশ্চিমবঙ্গ এবং ঝাড়খণ্ড সরকারের প্রতিনিধি নিয়ে এই কমিটি গঠিত।

ডিভিসি-র চেয়ারম্যানকে চিঠি দিয়ে বিদ্যুৎ দফতরের সচিব বলেছেন, "দুই জলাধার থেকে ডিভিসি অনিয়ন্ত্রিত ভাবে যে জল ছেড়েছে, তার ফলে রাজ্যের বিস্তীর্ণ অংশের মানুষ কষ্টভোগ করছেন। এই পদক্ষেপ অভূতপূর্ব। এর প্রতিবাদে আমি ডিভিসি-র বোর্ড থেকে পশ্চিমবঙ্গের সদস্য হিসাবে ইস্তফা দিচ্ছি।" ঘটনাচক্রে, বিদ্যুৎ দফতরের সচিব হওয়ার পাশাপাশি শান্তনু তথ্য-সংস্কৃতি দফতরেরও সচিব। যে দফতরের মন্ত্রী মমতা নিজে।উল্লেখ্য, গত সপ্তাহে বঙ্গোপসাগরে তৈরি হওয়া নিম্নচাপের কারণে পশ্চিমবঙ্গ এবং ঝাড়খণ্ডে বৃষ্টি হয়েছিল। তার ফলে মাইথন এবং পাঞ্চেত জলাধারে জল বেড়ে যায়। ডিভিসি জল ছাড়ার পরেই পশ্চিম

এরপর ৩ পাতায়

# বদলের বাংলাদেশে ফের ঝরল রক্ত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সংঘর্ষে উত্তপ্ত বাংলাদেশের পার্বত্য চট্টগ্রামের রাঙামাটি ও খাগড়াছড়ি। শুক্রবার খাগড়াছড়িতে ৩ জন নিহত হয়েছেন। খাগড়াছড়ির সংঘর্ষের জেরে উত্তাল ছিল রাঙামাটি। সেখানেও একজন নিহত হয়েছেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে দুই জেলায় ১৪৪ ধারা জারি করেছে বাংলাদেশ প্রশাসন।এদিকে খাগড়াছড়ি, রাঙামাটির সহিংস ঘটনায় পাহাড়ে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। বিশেষ করে গুজবের কারণে ভয়ভীতিতে আছেন বাংলাদেশের পাহাড়ের সাধারণ মানুষ। পরিস্থিতি স্বাভাবিক রাখতে সেনাবাহিনী, পুলিসের টহল জোরদার করা হয়েছে।

হিংসা এড়াতে প্রত্যেককে সহনশীল হতে প্রশাসনের পক্ষ থেকে আহ্বান জানানো হয়েছে। এ ছাড়া পাহাড়ের সাম্প্রতিক পরিস্থিতি পর্যবেক্ষণে বাংলাদেশ সরকারের পক্ষ থেকেও পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। শনিবার বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের স্বরাষ্ট্র উপদেষ্টার নেতৃত্বে সরকারের উচ্চ পর্যায়ের একটি প্রতিনিধি দল খাগড়াছড়ি ও রাঙামাটি পরিদর্শন করেন। এই প্রতিনিধি দলে ছিলেন স্বরাষ্ট্র উপদেষ্টা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক উপদেষ্টা, স্থানীয় সরকার উপদেষ্টা এবং প্রতিরক্ষা ও জাতীয় সংহতি উন্নয়ন বিষয়ক প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী।খাগড়াছড়িতে নিহতরা হলেন, রুবেল ত্রিপুরা (২৫), ধনঞ্জয় চাকমা (৫০) ও জুনান চাকমা (২০)। রাঙামাটি সদরে পাহাড়ি-বাঙালিদের মধ্যে সংঘর্ষ ও পরে হিংসার ঘটনা ঘটে। জেলা সদরের বনরূপা, উত্তর কালিন্দীপুর, কালিন্দীপুর ও বিজন সরণি এলাকার দেড় কিলোমিটার জুড়ে সংঘর্ষ চলে।

খাগড়াছড়ির দীঘিনালার ঘটনাকে কেন্দ্র করে রাঙামাটিতে শুক্রবার সংঘর্ষে একজনের মৃত্যু ও শতাধিক

এরপর ৩ পাতায়






## আর্জেন্টিনায় শক্তিশালী ভূমিকম্প



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লাতিন আমেরিকার দেশ আর্জেন্টিনায় শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছে। রিখটার স্কেলে এর মাত্রা ছিল ৬। রিপোর্ট লেখা পর্যন্ত হতাহত বা ক্ষয়ক্ষতির বিস্তারিত কোনও খবর পাওয়া যায়নি। স্থানীয় সময় শনিবার দেশটির সান লুইস অঞ্চলে এই ভূমিকম্প আঘাত হানে। ইউরোপীয় ভূমধ্যসাগরীয় সিসমোলজিক্যাল সেন্টার (ইএমএসসি) জানিয়েছে, ভূমিকম্পটির উৎপত্তিস্থল ভূপৃষ্ঠের ১২৯ কিলোমিটার গভীরে।

এর আগে গত বছরের জানুয়ারিতে আর্জেন্টিনার উত্তরাঞ্চলীয় কার্ডোবা শহরে ৬ দশমিক ৫ মাত্রার ভূমিকম্প আঘাত হানে।

এছাড়া গত বছরের ১৭ জুলাই দেশটিতে ছয় দশমিক তিন মাত্রার ভূমিকম্প আঘাত হেনেছিল। ওই ভূমিকম্পের গভীরতা ছিল ১৬৯ কিলোমিটার।

## জামিন পেয়েই পুরনো দাপটে আবার অনুব্রত



**বেবি চক্রবর্ত্তী: দিল্লী: নিউজ সারাদিন :** জামিন পেয়েই পুরনো দাপটে অনুব্রত। সূত্রের খবর, তিহাড় থেকে বাইরে পা রাখার পরেই নিরাপত্তা চাই তাঁর। ঘনিষ্ঠ এবং আইনজীবীদের কাছে দাবি এমনটাই। এদিকে দিল্লি পুলিশের তরফে অনুব্রতকে নিরাপত্তা দেওয়ার কোনও প্রশ্নই ওঠে না। ফলে, বেসরকারি নিরাপত্তারক্ষীর ব্যবস্থা করা যায় কিনা, তা খতিয়ে দেখা হচ্ছে।এও শোনা যাচ্ছে তিহাড় থেকে বেরিয়ে এক মুহূর্ত দিল্লিতে থাকতে চান না তৃণমূলের বীরভূম সভাপতি। সোমবার রাতেই কলকাতা ফেরার ফ্লাইট-এর টিকিটের ব্যবস্থা করা হচ্ছে। সূত্রের খবর, তিহাড় থেকে সোজা দিল্লি বিমানবন্দরে রওনা হবেন অনুব্রত। কলকাতা বিমানবন্দর থেকে বেরিয়ে রাজ্য পুলিশের নিরাপত্তা না পাওয়া পর্যন্ত বেসরকারি নিরাপত্তারক্ষীর ব্যবস্থা করা যায় কিনা তা চেষ্টা করা হচ্ছে।অনুব্রতর সঙ্গে ফিরতে পারেন সদ্য জামিন প্রাপ্ত তার মেয়ে সুকন্যাও মণ্ডলও। জামিন পাওয়ার পর থেকে দিল্লির গোপন ঠিকানায় আছেন সুকন্যা। আদালতের নির্দেশে ১৮ মাস তিহার যাপনের সময় দিল্লির একাধিক নামে সরকারি এবং বেসরকারি হাসপাতালে চিকিৎসার সুযোগ পেয়েছেন অনুব্রত।

## ওয়াশিংটন দূতাবাসে ভারতীয় কর্মকর্তার 'রহস্যজনক' মৃত্যু



**বেবি চক্রবর্ত্তী: দিল্লী: নিউজ সারাদিন :** যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে ভারতীয় দূতাবাসের এক কর্মকর্তার রহস্যজনক মৃত্যু হয়েছে। স্থানীয় সময় বুধবার (১৮ সেপ্টেম্বর) ওই ভারতীয় কর্মকর্তার মরদেহ উদ্ধার করা হয়। শনিবার (২১ সেপ্টেম্বর) বার্তা সংস্থা পিটিআইয়ের বরাত দিয়ে এ তথ্য জানিয়েছে সংবাদমাধ্যম এনডিটিভি।

স্থানীয় পুলিশের বরাত দিয়ে প্রতিবেদনে বলা হয়, মৃত্যুর কারণ জানতে তদন্ত করছেন মার্কিন গোয়েন্দারা। ধারণা করা হচ্ছে, ওই কর্মকর্তা আত্মহত্যা করেছেন।

শুক্রবার ওই কর্মকর্তার মৃত্যুর খবর নিশ্চিত করেছে ভারতীয় দূতাবাস। তবে এ নিয়ে বিস্তারিত কিছু জানায়নি।

এক বিবৃতিতে যুক্তরাষ্ট্রের ভারতীয় দূতাবাস জানায়, গভীর দুঃখের সঙ্গে আমরা নিশ্চিত করতে চাই, বুধবার সন্ধ্যায় ভারতীয় দূতাবাসের একজন সদস্য মারা গেছেন। আমরা সংশ্লিষ্ট সংস্থা এবং পরিবারের সদস্যদের সঙ্গে যোগাযোগ করছি, যাতে দ্রুত মরদেহ ভারতে পাঠানো যায়।

বিবৃতিতে আরো বলা হয়, পরিবারের গোপনীয়তার জন্য মৃত ব্যক্তির বিষয়ে অতিরিক্ত তথ্য প্রকাশ হচ্ছে না। এই দুঃসময়ে আমাদের ভাবনা ও প্রার্থনা ভুক্তভোগী পরিবারের সঙ্গে রয়েছে।

## ভোটকর্মীদের নিয়ে বিশেষ ভাবনা রয়েছে নির্বাচন কমিশনের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন সম্প্রতি কোয়াড সম্মেলনে অস্ট্রেলিয়া, ভারত ও জাপানের নেতাদের উদ্দেশ্যে বলেন, চীন আগ্রাসী মনোভাব দেখিয়ে আমাদের পরীক্ষা করছে। বাইডেনের করা এই মন্তব্যটি অসাবধানতাবশত একটি মাইক্রোফোনে রেকর্ড হয়ে যায়। পরে কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ এই সম্মেলনে তা আলোচনার কেন্দ্রবিন্দুতে চলে আসে। বাইডেনের বক্তব্যটি বিশেষভাবে দক্ষিণ চীন সাগরসহ বিভিন্ন অঞ্চলে চীনের আগ্রাসী অবস্থানকে স্পষ্ট করেছে।

বাইডেন তার নিজ শহর ডেলাওয়্যারের উইলমিংটনে অনুষ্ঠিত এই সম্মেলনে ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা এবং অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি আলবানিজের সঙ্গে সাক্ষাৎ করেন। সম্মেলনে কৌশলগত বিষয়ে আলোচনার সময় বাইডেন বলেন,‚চীন আমাদের পরীক্ষা করছে, এবং এটি শুধু দক্ষিণ চীন সাগরেই নয়, পূর্ব চীন সাগর, দক্ষিণ এশিয়া এবং তাইওয়ান প্রণালীতেও অব্যাহত আছে‚ খবর দ্য গার্ডিয়ানের।

প্রতিবেদনটিতে বলা হয়, চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের অভ্যন্তরীণ অর্থনৈতিক চ্যালেঞ্জের দিকে ইঙ্গিত করে বাইডেন বলেন, 'শি এখন অর্থনৈতিক চ্যালেঞ্জগুলো নিয়ে বেশি মনোযোগী, তবে একইসঙ্গে তিনি চীনের স্বার্থে কূটনৈতিকভাবে নিজেকে আরো বেশি আক্রমণাত্মক করে তোলার চেষ্টা করছেন।' তবে বাইডেন জোর দিয়ে বলেন, যুক্তরাষ্ট্রের সাম্প্রতিক তীব্র প্রচেষ্টা (যার মধ্যে শির সঙ্গে একটি টেলিফোন আলাপও অন্তর্ভুক্ত) উত্তেজনা কমাতে কাজ করছে এবং সংঘাত প্রতিরোধে সহায়ক হয়েছে।

বাইডেনের এই মন্তব্যগুলো কৌশলগতভাবে কিছুটা বিপদ ডেকে আনতে পারে, কারণ সম্মেলন শেষে কোয়াড নেতারা যে যৌথ বিবৃতি দিয়েছে, তাতে সরাসরি চীনের নাম উল্লেখ না করে কৌশলগত সমস্যা এবং আঞ্চলিক নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করা হয়েছে। বিবৃতিতে দক্ষিণ চীন সাগরে উত্তেজনার বিষয়টি নিয়ে 'গভীর উদ্বেগ‚ প্রকাশ করা হলেও, চীনের নাম সরাসরি

এরপর ৩ পাতায়









## রানী রাসমণির জন্মদিনে পৈত্রিক নিবাস

### হালিশহর নিকটবর্তী রাসমণি ঘাট সংলগ্ন স্থানে বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লোকমাতা রাণী রাসমণি আবির্ভাব তিথি উদযাপন কমিটির উদ্যোগে আগামী ২৮ সেপ্টেম্বর (১১ আশ্বিন) শনিবার উত্তর ২৪ পরগণার হালিশহরে রানী রাসমণির পৈত্রিক নিবাস ও নিকটবর্তী চরনন্দনবাটি (নদীয়া) রানী রাসমণি ঘাট সংলগ্ন স্থানে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের মাধ্যমে লোকমাতার ২৩২-তম জন্মদিন পালন করা হবে বলে জানিয়েছেন অনুষ্ঠানের মুখ্য ব্যবস্থাপক সিদ্ধানন্দ পুরকাইত। তিনি বলেন স্থানীয় রামকৃষ্ণ সেবাশ্রম সঙ্ঘ আশ্রমের সহযোগিতায় আয়োজিত এই অনুষ্ঠান এক বছর আগেও হয়েছিল। তবে এবার ব্যাপক সাড়া পড়েছে। পশ্চিম বঙ্গের বিভিন্ন জেলা থেকে ১০ হাজার ভক্ত-অনুরাগীর সমাবেশ হতে পারে বলে তাঁর ধারণা । তিনি আরো জানান যে, ভোর বেলা বৈদিক শান্তি মন্ত্র ও স্বস্তি বচনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হবে। তারপর শোভাযাত্রা সহকারে চরনন্দনবাটি, শহিদ পল্লী, হালিশহর বাগের মোড়, গোলাবাড়ি প্রভৃতি এলাকা পরিক্রমা, রাসমণির মূর্তিতে মাল্যদান ও আরতির পর মূল অনুষ্ঠান মঞ্চে আলোচনা সভা এবং ধর্মীয় ও সাংস্কৃতিক অনুষ্ঠান সম্পন্ন হবে।

দক্ষিণেশ্বর মন্দির প্রতিষ্ঠা রানী রাসমণির জীবনের সবচেয়ে বড় কীর্তি। কিন্তু একথাও অস্বীকার করা যাবে না যে, তিনি যেভাবে সমাজের নিপীড়িত ও প্রান্তিক মানুষের পাশে দাঁড়িয়ে সত্যিকারের "রানী মা" হয়ে উঠেছেন, তাদের জীবন জীবিকা নির্বাহে সহযোগিতা করেছেন, সেযুগে ছিল বিরল ঘটনা। দেশের ধর্ম-সংস্কৃতির পুনর্জাগরণেও তিনি নতুন পথের দিশা দেখিয়েছেন। তাঁর অবদান সম্পর্কে আলোচনা তুলনামূলক ভাবে অনেক কম হয়েছে। তাই শুধু মাত্র জন্মদিনের অনুষ্ঠানে শেষ নয়, তাঁকে নিয়ে চর্চা চালিয়ে যাওয়া এই সংগঠনের অন্যতম লক্ষ্য বলে উদ্যোক্তাদের পক্ষে জানানো হয়েছে।

রানী রাসমণির দিব্য জীবন সম্পর্কে আলোচনা করবেন স্বামী বেদানন্দ, স্বামী শ্রীধরানন্দ প্রমুখ। রানী রাসমণি ধাম গঠন ও রাসমণির কর্মময় জীবন ও জীবনাদর্শ নিয়ে আলোচনা করবেন অধ্যাপক ডঃ ভাস্কর মহানায়ক, ডঃ জয়দেব বিশ্বাস, ডঃ কুঞ্জবন বিশ্বাস , আইনজীবী অনিকেত জোয়ারদার, নারায়ণ সরকার, সিদ্ধানন্দ পুরকাইত ও অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ। প্রধান উপদেষ্টা লোহারাম রায় লোকমাতা রানী রাসমণি আবির্ভাব তিথি উদযাপন সমিতির পক্ষ থেকে সকলকে অনুষ্ঠানে অংশ গ্রহণের আমন্ত্রণ জানিয়েছেন।

## ভারতে 'উদ্বাস্তু' শেখ হাসিনা, এখন কী করবে মোদি সরকার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গণঅভ্যুত্থানের মুখে ৫ আগস্ট পদত্যাগ করে বাংলাদেশ ছেড়ে ভারতে আশ্রয় নেন শেখ হাসিনা। সঙ্গে ছিলেন তার ছোট বোন শেখ রেহানাও। ভারতে যাওয়ার পর ৪৫ দিন পেরিয়ে গেলেও তার সেখানে তার ভবিষ্যৎ নিয়ে নতুন করে প্রশ্ন উঠেছে।

কূটনৈতিক পাসপোর্টের মেয়াদ অনুযায়ী, শেখ হাসিনা দেড় মাস বা ৪৫ দিন বৈধভাবে ভারতে থাকার অনুমতি পেয়েছিলেন। যদিও বাংলাদেশে অন্তর্বর্তী সরকার তার কূটনৈতিক পাসপোর্ট বাতিল করেছে বলে জানা যায়, ফলে এই সময়সীমার বৈধতা নিয়ে প্রশ্ন উঠেছে। তবুও ভারত সরকার তাকে আশ্রয় দিয়েছে, তবে এ বিষয়ে খুব একটা কথা বলেনি।

৬ আগস্ট ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর বলেছিলেন, শেখ হাসিনা খুব কম সময়ের নোটিশে ভারতে এসেছেন। এরপর ১৭ সেপ্টেম্বর এনডিটিভিকে দেয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, 'বাংলাদেশে কী ঘটেছে তা তাদের অভ্যন্তরীণ বিষয়।' তবে শেখ হাসিনার অবস্থান নিয়ে স্পষ্ট কোনো মন্তব্য করেননি তিনি।

এদিকে, বাংলাদেশে অন্তর্বর্তী সরকার শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে আনার জন্য আইনি প্রক্রিয়া শুরু করার ঘোষণা দিয়েছে। ৯ সেপ্টেম্বর জিও নিউজের এক প্রতিবেদনে বলা হয়, নোবেলজয়ী মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন প্রশাসন শেখ হাসিনাকে ফিরিয়ে আনতে পদক্ষেপ নিতে যাচ্ছে। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রধান মোহাম্মদ তাজুল ইসলামও বলেছেন, 'প্রধান অপরাধী দেশ ছেড়ে পালিয়েছে, আমরা তাকে ফিরিয়ে আনার জন্য আইনি প্রক্রিয়া শুরু করবো।'

তবে, শেখ হাসিনার বিরুদ্ধে শতাধিক মামলা থাকা সত্ত্বেও তাকে দেশে ফিরিয়ে আনা যাবে কি না, তা নিয়ে প্রশ্ন উঠেছে। ভারত ও বাংলাদেশের মধ্যে ২০১৩ সালে স্বাক্ষরিত অপরাধ

এরপর ৩ পাতায়

১-ম পাতার পর

# জলযুদ্ধে' জমি ছাড়তে নারাজ মমতা

মেদিনীপুর, হুগলি, হাওড়া, বাঁকুড়া, পূর্ব মেদিনীপুর, পূর্ব বর্ধমান এবং পশ্চিম বর্ধমানের বিস্তীর্ণ এলাকা প্লাবিত হয়। গত বুধবার সেই বন্যা পরিস্থিতি পরিদর্শন করতে গিয়েছিলেন মমতা নিজে। রাতে মেদিনীপুরে থেকেওছিলেন তিনি। গোটা পরিস্থিতির জন্য তিনি প্রথম থেকেই ডিভিসিকে দায়ী করে এসেছেন। ঝাড়খণ্ডকে বাঁচাতে বাঁধের জল ছেড়ে বাংলায় বন্যা তৈরি করা হয়েছে বলে অভিযোগ তাঁর। একে 'ম্যান মেড বন্যা' বলে অভিহিত করে মমতা হুঁশিয়ারি দিয়েছিলেন, তিনি ডিভিসি-র সঙ্গে সব সম্পর্ক ছিন্ন করবেন। তার পরেই মোদীকে বন্যা পরিস্থিতি জানিয়ে চিঠি দেন তিনি।মোদীকে দেওয়া মমতার চিঠির জবাব দিয়েছিলেন কেন্দ্রের জল শক্তিমন্ত্রী সিআর পাতিল। তিনি জানিয়েছিলেন, রাজ্যের প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করে ডিভিআরআরসি জল ছাড়ার বিষয়ে সিদ্ধান্ত নিয়ে থাকে। বাংলায় বন্যা আটকানোর চেষ্টাও করেছিল ওই কমিটি, জানিয়েছিলেন কেন্দ্রীয় মন্ত্রী। কিন্তু শনিবার মন্ত্রীর সেই চিঠির জবাবে মোদীকে দ্বিতীয় চিঠিটি লেখেন মমতা।

মমতা জানান, কেন্দ্রের বক্তব্য ঠিক নয়। অনেক সময়েই রাজ্যের সম্মতি ছাড়া জল ছাড়া হয়। কেন্দ্রীয় জল কমিশন এবং জল শক্তি মন্ত্রকই এ ক্ষেত্রে সমস্ত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তগুলি নিয়ে থাকে। রাজ্যের অনুরোধও শোনা হয় না। চিঠিতে মমতা আরও জানিয়েছেন, ১৬ সেপ্টেম্বর রাতে ডিভিসি-র চেয়ারম্যানের সঙ্গে তাঁর কথা হয়েছিল। তিনি জল না ছাড়ার অনুরোধ করেছিলেন। সেই অনুরোধ শোনা হয়নি। রাজ্য সরকার আড়াই লক্ষ কিউসেক জল ছাড়া অনুমোদনই করেনি। রাজ্যের তরফে জলের পরিমাণ কমিয়ে প্রথমে ২.৩ লক্ষ কিউসেক এবং পরে দু'লক্ষ কিউসেক করতে বলা হয়েছিল। কিন্তু সেই অনুরোধ শোনা হয়নি। ডিভিসি উত্তর দিতে দেরিও করেছিল। যার ফলে পরিস্থিতির আরও অবনতি হয়। মমতা বলেন, "আমার ব্যক্তিগত ভাবে মনে হয়েছে, আড়াই লক্ষ কিউসেক জল ছাড়ার প্রয়োজন ছিল না। তা না হলে দক্ষিণবঙ্গের বন্যা পরিস্থিতি এত ভয়াবহ আকার ধারণ করত না। তাই আমার মনে হয়, কেন্দ্রীয় মন্ত্রী যে বলেছেন বন্যা নিয়ন্ত্রণের জন্য সব রকম চেষ্টা করা হয়েছিল, তা পুরোপুরি ঠিক নয়। জলাধার নিয়ন্ত্রণকারীরা ঠিক মতো কাজ করতে পারেননি। তা ছাড়া, মাইথন এবং পাঞ্চেতে সংস্কারের কাজ চলছে বলে আমি শুনেছি। সেগুলিও শেষ হয়নি। আমি ডিভিসি-র কমিটি থেকে আমার প্রতিনিধি প্রত্যাহার করে নিচ্ছি।"

১-ম পাতার পর

# চীন আমাদের পরীক্ষা করছে, কোয়াড সম্মেলনে বাইডেনের সতর্কবার্তা

উল্লেখ করা হয়নি। তারা শুধু বলেছে, 'আগ্রাসী ও ভীতি প্রদর্শনমূলক কার্যকলাপের' বিরোধিতা করা হচ্ছে।

বাইডেন তার প্রকাশ্য বক্তৃতায় উল্লেখ করেন, কোয়াড জোট বর্তমান বৈশ্বিক চ্যালেঞ্জের মুখোমুখি হলেও 'পৃথিবীর পরিবর্তিত পরিস্থিতিতে কোয়াড টিকে থাকবে।' এই মন্তব্যের পর সাংবাদিকরা তাকে জিজ্ঞাসা করেন, আসন্ন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনের পরে কোয়াড টিকে থাকবে কিনা। জবাবে বাইডেন দৃঢ়ভাবে বলেন, 'নভেম্বরের অনেক পরেও কোয়াড টিকে থাকবে।'

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী একই রকমভাবে দৃঢ় সংকল্প প্রকাশ করে বলেন, 'আমাদের বার্তা হলো, কোয়াড এখানে টিকে থাকবে।' উল্লেখ্য, আগামী বছর কোয়াড সম্মেলন আয়োজনের প্রস্তুতি নিচ্ছে ভারত।

ইতোমধ্যে প্রেসিডেন্ট বাইডেন আসন্ন জুলাইয়ে বয়সজনিত কারণে আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে অংশ না নেয়ার ঘোষণা দিয়েছেন। ফলে তার এই বিদায়ী সম্মেলনটি ছিল ব্যক্তিগত আবেগপূর্ণ মুহূর্তে পরিপূর্ণ। সম্মেলনটি বাইডেনের সাবেক স্কুলে অনুষ্ঠিত হয় এবং তিনি নিজের বাসভবনে কোয়াড নেতাদের সঙ্গে একান্তে কথা বলার আয়োজন করেন।

বাইডেন তার ব্যক্তিগত সোশ্যাল মিডিয়ায় অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী আলবানিজ ও জাপানের প্রধানমন্ত্রী কিশিদার সঙ্গে আনন্দঘন মুহূর্তের কিছু ছবি শেয়ার করেন। ছবিগুলোতে তাদের একটি কাঠের প্যানেলযুক্ত ঘরে বসে আলোচনা করতে এবং বারান্দা থেকে লেকের দৃশ্য উপভোগ করতে দেখা যায়।

এই সম্মেলনের মাধ্যমে বাইডেন প্রমাণ করতে চেয়েছেন, আন্তর্জাতিক জোটগুলোকে তিনি কতটা অগ্রাধিকার দেন এবং এগুলো বিশ্ব রাজনীতিতে কিভাবে স্থায়ী প্রভাব ফেলবে।

১-ম পাতার পর

# বদলের বাংলাদেশে ফের ঝরল রক্ত

আহত হয়েছেন। নিহত ওই ব্যক্তির নাম অনিক কুমার চাকমা। তার গ্রামের বাড়ি রাঙামাটি সদরের নোয়াদমের জীবতলী ইউনিয়নে। তবে, অনিক নামে যে যুবকও মারা গেছেন। তিনি কোথায় এবং কীভাবে মারা গেছেন, তা কেউ নিশ্চিত করে বলতে পারেননি। হাসপাতালে তাকে মৃত অবস্থায় নিয়ে যাওয়া হয়। জানা গিয়েছে, হামলাকারীরা পার্বত্য চট্টগ্রাম জেলা পরিষদ কার্যালয়ে রাখা বেশ কয়েকটি গাড়িতে অগ্নিসংযোগ করে। এতে কার্যালয়ের নিচের অংশ পুড়ে যায়। একটি বৌদ্ধমন্দিরে হামলা ও ভাঙচুর, বিভিন্ন স্থাপনা ও দোকানপাটে অগ্নিসংযোগ এবং বিভিন্ন যানবাহনে অগ্নিসংযোগ করা হয়। প্রশাসন পরিস্থিতি নিয়ন্ত্রণে রাঙামাটি শহরে ১৪৪ ধারা জারি করেছে। শহরে সেনাবাহিনী, বিজিবি ও পুলিস মোতায়েন করা হয়েছে।

খাগড়াছড়ির নিউজিল্যান্ড এলাকায় এক বাঙালি যুবকের মৃত্যুকে কেন্দ্র করে বৃহস্পতিবার জেলার দীঘিনালায় হিংসার সূত্রপাত ঘটে। পরবর্তীতে সেই হিংসা ছড়িয়ে পড়ে পুরো খাগড়াছড়ি এবং রাঙামাটি জেলায়।

ওই হিংসা নিয়ে পার্বত্য চট্টগ্রাম যুব পরিষদের চেয়ারম্যান মোহাম্মদ আসাদুল্লাহ বলেন, বাংলাদেশে অন্তর্বর্তীকালীন সরকার ক্ষমতা গ্রহণের পর থেকেই পার্বত্য চট্টগ্রামকে অস্থির করতে পাহাড়ি আঞ্চলিক সশস্ত্র সংগঠনগুলো তৎপর হয়ে উঠেছে। শান্তিপূর্ণ পরিবেশকে অশান্ত করতে ষড়যন্ত্র চলছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর টহলে হামলা করার চেষ্টা করছে।

# মার্কিন যুক্তরাষ্ট্র সফরের প্রাক্কালে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর বিবৃতি

**নয়াদিল্লি, ২১ সেপ্টেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** আমি আজ তিনদিনের সফরে মার্কিন যুক্তরাষ্ট্র রওনা হচ্ছি। সেখানে প্রেসিডেন্ট বাইডেন আয়োজিত কোয়াড শীর্ষ বৈঠকে অংশগ্রহণ করব। নিউ ইয়র্কে রাষ্ট্রসঙ্ঘের সাধারণ অধিবেশনের ভবিষ্যৎ সম্পর্কে এই শীর্ষ সম্মেলনে আমার বক্তব্য আমি পেশ করব। প্রেসিডেন্ট বাইডেন, প্রধানমন্ত্রী অ্যালবানিজ এবং প্রধানমন্ত্রী কিশিদার সঙ্গে কোয়াড শীর্ষ বৈঠকে মিলিত হওয়ার অপেক্ষায় রয়েছি।

ভারত-প্রশান্ত মহাসাগর অঞ্চলে শান্তি, অগ্রগতি এবং সমৃদ্ধির লক্ষ্যে সম-মনোভাবাপন্ন দেশগুলির একটি বিশেষ গোষ্ঠী রূপে এই মঞ্চটি উঠে এসেছে। ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্র এই দুটি দেশের জনসাধারণ তথা বিশ্ববাসীর কল্যাণে ভারত-মার্কিন সুসংবদ্ধ আন্তর্জাতিক প্রকৌশলগত সহযোগিতা সম্পর্কে প্রেসিডেন্ট বাইডেনের সঙ্গে বৈঠকে আমি আলোচনা করব। একইসঙ্গে, দুটি দেশের মধ্যে সম্পর্ককে কিভাবে আরও গভীরতর করে তোলা যায়, সে সম্পর্কে আলোচনাকালে বিভিন্ন পথ ও উপায় খুঁজে দেখার পাশাপাশি তা পর্যালোচনাও করব।

প্রবাসী ভারতীয় এবং গুরুত্বপূর্ণ মার্কিন বাণিজ্য প্রতিনিধিদের সঙ্গে মিলিত হওয়ার জন্য আমি আগ্রহের সঙ্গে অপেক্ষা করছি। কারণ তাঁরা হলেন বিশ্বের বৃহত্তম তথা প্রাচীনতম দুটি গণতান্ত্রিক দেশের বিশেষ অংশীদারিত্বের সম্পর্কের ক্ষেত্রে অন্যতম প্রধান অংশীদার। ভবিষ্যতের লক্ষ্যে এই শীর্ষ বৈঠক হল এমনই একটি বিশেষ সুযোগ যা বিশ্ববাসীর সামনে আগামীদিনের জন্য নতুন পথের দিশা এনে দিতে পারে। এর লক্ষ্য হল, সমগ্র মানবজাতির উন্নততর জীবনযাত্রা। আমি বৈঠকে এক-ষষ্ঠাংশ মানুষের মতামত ও চিন্তাভাবনার কথা সকলের সামনে তুলে ধরতে ইচ্ছুক। কারণ, বিশ্বে এক স্থায়ী, নিশ্চিত ভবিষ্যৎ গড়ে তোলার ক্ষেত্রে তাঁরাই হলেন অন্যতম প্রধান অংশীদার।

## রাষ্ট্রসংঘের সদর কার্যালয়ে সামিট অফ দ্য ফিউচার সাইড ইভেন্টে পরিবেশ,

# বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রকের সচিবের উদ্বোধনী ভাষণ

**নয়াদিল্লি,২১ সেপ্টেম্বর, ২০২৪: নিউজ সারাদিন :** কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রকের সচিব শ্রীমতী লীনা নন্দন আজ রাষ্ট্রসংঘের সদর কার্যালয়ে সামিট অফ দ্য ফিউচার সাইড ইভেন্টে ভাষণ দেন। সেখানে তিনি তরুণদের ক্ষমতায়নের ওপর জোর দেন। তার ভাষণের সময় লাইফ স্টাইল ফর এনভাইরনমেন্ট-এর ওপর ২ মিনিটের একটি ভিডিও দেখানো হয়। শ্রীমতী লীনা নন্দন বলেন, ২০২২ সালের অক্টোবরে রাষ্ট্রসংঘের মহাসচিব অ্যান্তোনিও গুয়েতেরেস-এর উপস্থিতিতে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী বিশ্বব্যাপী মিশন লাইফের সূচনা করেছিলেন। তিনি বলেন, কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী শ্রী ভূপেন্দ্র যাদবের নেতৃত্বে দেশ এবং বিশ্বজুড়ে মিশন লাইফ রূপায়িত করা হচ্ছে। তিনি আরও বলেন, মিশন লাইফ পরিবেশ এবং আমাদের জীবনযাত্রার ক্ষেত্রে আচরণগত পরিবর্তন এনেছে। তিনি ব্যাখ্যা করে বলেন, আমাদের জনসংখ্যার প্রায় ২৮ শতাংশ তরুণ, যাদের সবুজ অর্থনীতি গড়ে তোলার ক্ষেত্রে ব্যাপক সম্ভাবনা রয়েছে। ভারতের নতুন শিক্ষা নীতির প্রসঙ্গ টেনে শ্রীমতী লীনা নন্দন জানান, পরিবেশ-সম্পর্কিত চাকরির চাহিদা ক্রমশ বাড়ছে। ২০৪৭ সালের মধ্যে ভারতে পরিবেশ বান্ধব শক্তির ক্ষেত্রে ৩ থেকে সাড়ে ৩ কোটি মানুষের কর্মসংস্থান হবে বলে জানান তিনি। এ প্রসঙ্গে আন্তর্জাতিক ক্ষেত্রে পরিবেশমুখী চাকরির সংস্থানে ইন্টারন্যাশনাল সোলার অ্যালায়েন্স এবং গ্লোবাল বায়োফুয়েল অ্যালায়েন্সের লক্ষ্যের কথা তুলে ধরেন তিনি।

মিশন লাইফের প্রতি প্রধানমন্ত্রী মোদীর বিশেষ দৃষ্টির কথা উল্লেখ করে তিনি বলেন, ৫ জুন এবং ১৭ সেপ্টেম্বরের মধ্যে ভারতে ৭৫ কোটির বেশি বৃক্ষরোপণ করা হয়েছে।

# জাতিসংঘের নিরাপত্তা পরিষদে ভারতের স্থায়ী আসনের পক্ষে যুক্তরাষ্ট্র




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভারতকে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য হতে সমর্থন দিয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। বর্তমানে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য পাঁচ দেশ। সেগুলো হলো- যুক্তরাষ্ট্র, চীন, ফ্রান্স, রাশিয়া ও যুক্তরাজ্য। গত কয়েক বছর ধরে এই তালিকার অংশ হতে বিশ্ব সংস্থাগুলোকে চাপ দিয়ে আসছিল ভারত। এবার সেই পদক্ষেপে সমর্থন দিয়েছে যুক্তরাষ্ট্র। এ ব্যাপারে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে সমর্থন জানিয়ে বলেছেন, সংশোধিত জাতিসংঘের নিরাপত্তা পরিষদে (ইউএনএসসি) ভারতের স্থায়ী সদস্যপদসহ দেশটির গুরুত্বপূর্ণ কণ্ঠস্বর প্রতিফলিত করার জন্য মার্কিন যুক্তরাষ্ট্র বিশ্বব্যাপী সংস্থাগুলোর সংস্কারের উদ্যোগকে সমর্থন করে। রবিবার ভারতের প্রধানমন্ত্রী মোদি, জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা এবং অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্টনি আলবেনিজ উপস্থিত থাকা কোয়াড লিডারস সামিটে প্রেসিডেন্ট বাইডেন এই বিবৃতি দেন।

প্রেসিডেন্ট বাইডেনের বিবৃতির পর কোয়াড নেতারা সদস্যপদ স্থায়ী এবং অস্থায়ী বিভাগে সম্প্রসারণের মাধ্যমে ইউএনএসসি সংস্কারে সমর্থন দেন।

এ ব্যাপারে একটি যৌথ বিবৃতিতে নেতারা বলেছেন, "ভারত-মার্কিন অংশীদারিত্ব বিশ্বের জন্য একটি পরিচ্ছন্ন, অন্তর্ভুক্তিমূলক, সুরক্ষিত এবং আরও সমৃদ্ধ ভবিষ্যৎ গড়ে তোলার প্রচেষ্টার সাফল্যের জন্য গুরুত্বপূর্ণ।"

এ সময় প্রেসিডেন্ট বাইডেন ভারতের নেতৃত্ব, বিশেষ করে জি-২০ এবং গ্লোবাল সাউথে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভূমিকার প্রশংসা করেন এবং সাম্প্রতিক সময়ে মোদির পোল্যান্ড ও ইউক্রেন সফরের কথা তুলে ধরেন। ইউএনএসসি-এর স্থায়ী সদস্য হিসেবে ভারতের সম্ভাব্য অন্তর্ভুক্তির বিষয়ে আলোচনা বর্তমান ভূ-রাজনৈতিক বাস্তবতাগুলিকে প্রতিফলিত করার জন্য বৈশ্বিক প্রতিষ্ঠানগুলোর সংস্কারের বিষয়ে কথা বলেন। যদিও ভারত তার বৃহৎ জনসংখ্যা, প্রসারিত অর্থনীতি এবং আন্তর্জাতিক শান্তিরক্ষা ও কূটনীতিতে সক্রিয় ভূমিকা নিয়ে দীর্ঘকাল ধরে এই ধরনের সংস্কারের পক্ষে কথা বলে আসছে।

কোয়াড নেতাদের যৌথ বিবৃতিতে, "মধ্যপ্রাচ্যের গুরুত্বপূর্ণ সামুদ্রিক রুটসহ নৌচলাচলের স্বাধীনতা এবং বাণিজ্য সুরক্ষার জন্য নেতারা তাদের সমর্থন পুনঃনিশ্চিত করেছেন। যেখানে ভারত ২০২৫ সালে সম্মিলিত টাস্ক ফোর্স ১৫০-এর সহ-নেতৃত্ব গ্রহণ করবে। এবং সমুদ্রপথগুলিকে সুরক্ষিত করতে সম্মিলিত সামুদ্রিক বাহিনীর সাথে কাজ করবে বিশেষ করে আরব সাগরে।"

২ পাতার পর

# ভারতে 'উদ্বাস্তু' শেখ হাসিনা, এখন কী করবে মোদি সরকার

প্রত্যর্পণ চুক্তি থাকলেও, ভারত সরকারের তাকে ফেরত দেয়ার বিষয়ে অনীহা দেখা যাচ্ছে।

শেখ হাসিনার বিরুদ্ধে ভারতের অবস্থান নিয়ে প্রশ্ন উঠেছে বিভিন্ন মহলে। ভারতের সংবাদমাধ্যমগুলোও বলছে, শেখ হাসিনাকে ফেরত দেয়ার সম্ভাবনা নেই। তবে, ভারত সরকার কী সিদ্ধান্ত নেবে, তা এখনো স্পষ্ট নয়। ১ সেপ্টেম্বর বাংলাদেশের পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন বলেন, 'আদালত যদি নির্দেশ দেন, তবে শেখ হাসিনাকে ফেরত আনার উদ্যোগ নেবে সরকার। কিন্তু ভারত দেবে কি না, তা তাদের সিদ্ধান্তের ওপর নির্ভর করছে।'

শেখ হাসিনার বিষয়ে ক্ষোভ প্রকাশ করেছেন বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস। ভারতের বার্তা সংস্থা প্রেস ট্রাস্ট অব ইন্ডিয়াকে দেয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, 'শেখ হাসিনাকে দেশে ফেরত আনতে চাই, কিন্তু তিনি ভারতে বসে নানা রাজনৈতিক বক্তব্য দিয়ে সমস্যা তৈরি করছেন। তার চুপ থাকা উচিত।'

শ্রীলঙ্কার প্রেসিডেন্ট রনিল বিক্রমাসিংহে শেখ হাসিনার বিষয়ে মন্তব্য করে বলেন, 'অনেক নেতাই বিদেশে আশ্রয় নেন। শেখ হাসিনার ক্ষেত্রেও যদি তিনি বাইরে থাকেন, তবে তাকে থাকতে দিন। আমরা চাই বাংলাদেশ দ্রুত স্বাভাবিক অবস্থায় ফিরে আসুক।'

ভারতে অবস্থান করা শেখ হাসিনা আদৌ বাংলাদেশে ফিরতে পারবেন কি না, তা নিয়ে নতুন করে জল্পনা তৈরি হয়েছে। ভারত সরকার এখন কী সিদ্ধান্ত নেবে, সেটাই দেখার বিষয়।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৬০ সংখ্যা ২৩ সেপ্টেম্বর, ২০২৪ সোমবার ০৬ আশ্বিন্র, ১৪৩১

## সম্পাদকীয়

# নিরাপত্তা পরিষদে ভারতের স্থায়ী অন্তর্ভুক্তি চান বাইডেন

রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য পাঁচ দেশআমেরিকা, চিন, ফ্রান্স, রাশিয়া ও ব্রিটেন। গত কয়েক বছর ধরেই এর অংশ হওয়ার দাবি জানাচ্ছে ভারত। বিভিন্ন সময় রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের সদস্য দেশগুলির সমর্থনও পেয়েছে ভারত। ফের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য হওয়ার বিষয়ে ভারতকে সমর্থন জানাল আমেরিকা।এছাড়াও ভারতের হাতে ভেটো ক্ষমতা দিলে তা বুমেরাং হতে পারে বলে আশঙ্কা ওয়াশিংটনের। এর কারণ, ভূকৌশলগত নীতি এবং সময়ের দাবি মেনে তেমন পরিস্থিতি তৈরি হলে আমেরিকার বিরুদ্ধেই ভেটো প্রয়োগ করতে পারে ভারত। সব মিলিয়ে আমেরিকার সমর্থন সংশয় থেকেই যাচ্ছে।যদিও প্রশ্ন উঠছে, বাইডেনের এই সমর্থন নেহাত খুড়োর কল নয় তো?

রবিবার কোয়াড সম্মেলনে অংশ নেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন, জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা, অস্ট্রেলিয়ার অ্যান্টনি আলবেনিজ, ভারতের প্রধানমন্ত্রী মোদি। সেখানেই নিজের বক্তব্যে ভারতের হয় সওয়াল করেন বাইডেন। তাঁর বক্তব্য, রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের সংশোধন জরুরি। ভারতের স্থায়ী সদস্যপদ, দেশটির গুরুত্বপূর্ণ কণ্ঠস্বরকে সমর্থন করে আমেরিকা। পাশাপাশি জি-২০ এবং গ্লোবাল সাউথে প্রধানমন্ত্রী মোদির ভূমিকার প্রশংসা করেন এবং সাম্প্রতিক সময়ে মোদির পোল্যান্ড ও ইউক্রেন সফরের কথাও তুলে ধরেন বাইডেন। এর পরেই রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের সংস্কারের বিষয়ে কথা বলেন তিনি। ভারতের বিরাট জনসংখ্যা, অর্থনীতি এবং আন্তর্জাতিক শান্তিরক্ষা ও কূটনীতিতে সক্রিয় ভূমিকার কথা তুলে ধরেন বাইডেন।এর পরেও আমেরিকার সমর্থন নিয়ে প্রশ্ন উঠছে। কারণ বিশ্লেষকদের মতে, ওয়াশিংটন ভালোই জানে, যে ভারতের উপর কোনও নীতি চাপিয়ে দেওয়া যাবে না। ইউক্রেন যুদ্ধে রাশিয়ার পাশে দাঁড়িয়ে সেই আশঙ্কাই আরও মজবুত করেছে নয়াদিল্লি। কার্যত চিন ও ভারত রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের পাশে দাঁড়ানোয় মস্কোকে একঘরে করার আমেরিকা পরিকল্পনা ভেস্তে গিয়েছে। একই সঙ্গে ভারত-মহাসাগরীয় অঞ্চলে চিনের সঙ্গে সংঘাত বাঁধলে ভারত যে নিঃশর্ত ভাবে মার্কিন ফৌজকে সুবিধা করে দেবে, এমন কোনও নিশ্চয়তা নেই। কারণ রাশিয়ার সঙ্গে ভারতের সম্পর্ক অত্যন্ত মজবুত। তাই সংঘাতে আমেরিকার পাশে দাঁড়িয়ে রাশিয়াকে কার্যত চিন বলয়ে পুরোপুরি কখনই ঠেলে দেব না ভারত।

# তামাক-মুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের নির্দেশিকা ও ম্যানুয়াল

## কার্যকর করতে রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে শিক্ষা মন্ত্রক এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের যৌথ অ্যাডভাইসরি

**নয়াদিল্লি, ২১ সেপ্টেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** তরুণদের মধ্যে তামাকের প্রবণতা রুখতে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক দেশের সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির কাছে যৌথ নির্দেশিকা পাঠিয়েছে। মুখ্য সচিবদের কাছে পাঠানো ওই অ্যাডভাইসরিতে তামাক-মুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানুয়াল কঠোরভাবে কার্যকর করতে বলা হয়েছে। বিদ্যালয় শিক্ষা দপ্তর, উচ্চশিক্ষা দপ্তর এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিবদের সই করা এই যৌথ নির্দেশিকায় তামাক সেবনের ক্ষতিকর প্রভাব সম্পর্কে সতর্ক করা হয়েছে। ২০১৯-এর গ্লোবাল ইয়ুথ টোবাকো সমীক্ষা অনুযায়ী, ভারতে ১৩-১৫ বছর বয়সী ৮.৫ শতাংশ স্কুল পড়ুয়া নানাভাবে তামাক সেবন করে থাকে। সাড়ে ৫ হাজারের বেশি শিশুর দিন শুরু হয় তামাক সেবন করে। ২০ বছর বয়সে পৌঁছনোর আগেই ৫৫ শতাংশ তরুণের মধ্যে তামাক সেবনের অভ্যাস গড়ে ওঠে। এই অ্যাডভাইসরিতে তামাকের আসক্তির বিরুদ্ধে তরুণদের মধ্যে সচেতনতা গড়ে তুলতে সম্মিলিত প্রয়াসের ওপর জোর দেওয়া হয়েছে। কেন্দ্রীয় সরকারের ম্যানুয়ালে তামাকের দীর্ঘস্থায়ী ক্ষতিকর প্রভাব সম্পর্কে স্কুল পড়ুয়া, শিক্ষক, কর্মচারী এবং অন্যান্যদের মধ্যে আরও সচেতনতা গড়ে তোলার কথা বলা হয়েছে। তামাকের আসক্তি থেকে শিশু এবং ভবিষ্যৎ প্রজন্মকে রক্ষা করতে শিক্ষা মন্ত্রক এবং স্বাস্থ্য পরিবার কল্যাণ মন্ত্রক রাজ্য ও জেলাস্তরের আধিকারিকদের সঙ্গে সমন্বয় রেখে কাজ করবে।

# সতীপীঠের অন্যতম কামাখ্যা



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তবে এই বগলামুখী মা কামাখ্যা দেবী মায়ের চরণে মাথা ছুঁইয়ে নিজের মনের কথা জানানোর আকুতি আমার রয়েছে, তবে মা আমাকে ওখানে ডাকবেন কিনা সেটা সব মায়ের ইচ্ছা। তাই কামাখ্যার ইতিকথা আমারে কলমে আজকের দিনে প্রকাশ করছি।কামাখ্যা মন্দির হচ্ছে ভারতের অসম রাজ্যের গুয়াহাটি শহরের পশ্চিমাংশে নীলাচল পর্বতে অবস্থিত। হিন্দু দেবী কামাখ্যার মন্দিরটি ৫১ সতীপীঠের অন্যতম। **ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# মাতৃ স্বপ্নাদেশে তৈরি হয়েছিল আদ্যাপীঠ



মৃত্যুঞ্জয় সরদার
(তৃতীয় পর্ব)

মন্দির তৈরির আদেশ দেন তিনি। রামকৃষ্ণদেব বলেছিলেন সৃষ্টির পর পৃথিবীর বুকে এমন মন্দির হতে চলেছে যেখানে ঈশ্বরের প্রকট আবির্ভাব ঘটবে। তার মাহাত্ম্য এতটাই হবে যে মন্দির স্পর্শ করলেই ভক্তদের উদ্ধার মিলবে।

রামকৃষ্ণ পরমহংসের শিষ্য অন্নদা ঠাকুরের হাত ধরেই দক্ষিণেশ্বরের অদূরেই তৈরি হয় এই আদ্যাপীঠ।




কোনও শাক্ত পীঠ নয়। আদ্যাশক্তি মহামায়ার বিগ্রহেই ফুল-চন্দন পড়ে নিয়মিত। ভোগও হয়। তবে অন্য দিনের থেকে একটু আলাদা আয়োজন কালীপুজোর দিন। সেদিন মহাপুজোর আয়োজন হয় আদ্যা মন্দিরে। কার্তিক অমাবস্যার আঁধার কাটিয়ে, দীপাবলির আলোয় সেজে ওঠে গোটা আদ্যাপীঠ। আদ্যাশক্তি মহামায়া। দেবীর আরাধনায় তো নিজের জীবন উতসর্গ করে ছিলেন রামকৃষ্ণ পরমহংসদেব। দক্ষিণেশ্বরের কালীমন্দিরে ভবতারিণীর সংসারেই, গোটা জীবন কাটিয়ে দিয়েছিলেন কামারপুকুরের গদাধর চট্টোপাধ্যায়।

নির্দেশ ছিল, বারো বছরের মধ্যে মন্দির নির্মাণ সম্পূর্ণ হলেই মন্দিরে সাধারণের প্রবেশ অবাধ থাকবে।

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# শ্রীলঙ্কার প্রেসিডেন্ট হওয়ার পথে এগিয়ে কে এই মার্ক্সবাদী নেতা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : আপদ কাটিয়ে ঘুরে দাঁড়ানো শ্রীলঙ্কায় শনিবার নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। দুই বছর আগে গণবিক্ষোভের মুখে পতন ঘটে গোতাবায়া রাজাপাকসে সরকারের। এরপর এতদিন ধরে শ্রীলঙ্কার ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন রনিল বিক্রমাসিংহে। তবে সংকট কাটিয়ে ওঠায় নির্বাচন আয়োজন করে শ্রীলঙ্কা। সেই নির্বাচনে ভেলকি দেখাচ্ছেন অপেক্ষাকৃত তরুণ রাজনীতিক অনুড়া কুমারা দিসানায়েকে।

এখনও ভোটের আনুষ্ঠানিক ফলাফল ঘোষণা করা হয়নি। তবে এখন পর্যন্ত গণনা হওয়া ভোটে ৫৩ শতাংশ পেয়ে এগিয়ে রয়েছেন দিসানায়েকে। শ্রীলঙ্কার নির্বাচন কমিশনের বরাতে এ তথ্য জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স। কমিশনের তথ্য মতে, ২২ শতাংশ ভোট পেয়ে নির্বাচনে দ্বিতীয় অবস্থানে রয়েছে সাজিথ প্রেমাদাসা। আর তৃতীয় অবস্থানে আছে প্রেসিডেন্ট রনিল বিক্রমাসিংহে।

শ্রীলঙ্কায় এবারের নির্বাচনের আলোচিত প্রার্থীরা হলেন দেশটির বর্তমান প্রেসিডেন্ট এবং ইউনাইটেড ন্যাশনাল পার্টির রনিল বিক্রমাসিংহে, ন্যাশনাল পিপলস পাওয়ার পার্টির নেতা অনুড়া কুমার দিসানায়েক এবং বিরোধী দল সঙ্গী জন বালাওয়েগার (এসজেবি) নেতা সাজিথ প্রেমাদাসা। এছাড়া রাজাপাকসে পরিবারের প্রার্থী নামাল রাজাপাকসেও রয়েছেন। মূলত



শ্রীলঙ্কার সবচেয়ে বিশিষ্ট রাজনৈতিক পরিবারগুলোর পরিচিত মুখ দিয়ে পরিপূর্ণ এবারের নির্বাচন। আর তাদেরকে টপকে সামনে এগিয়ে রয়েছেন সাধারণ রাজনীতিবিদ অনুরা কুমারা দিসানায়েকে।

**কে এই অনুরা কুমারা দিসানায়েকে?**

বামপন্থী জোটের প্রার্থী অনুরা কুমারা দিসানায়েকে মূলত একজন মার্ক্সবাদী নেতা হিসেবে পরিচিত। তার দল বিমুক্তি পেরেমুনা (জেভিপি), ন্যাশনাল পিপলস পাওয়ার (এনপিপি) জোটের বড় শরিক দল।

৫৫ বছর বয়সী শ্রীলঙ্কান এই রাজনীতিবিদ মূলত বেশ শক্ত প্রতিদ্বন্দ্বী দিচ্ছেন এবারের নির্বাচনে। তার দল সরকারে নেই। তিনি যেই রাজনৈতিক জোটের নেতৃত্ব দেন (ন্যাশনাল পিপলস পাওয়ার) সেই দলটি প্রধান বিরোধী দলও নয়। তারপরও প্রভাবশালী সব প্রার্থীকে পেছনে ফেলে এবারের নির্বাচনে বড় একটি ভোট নিয়ে এগিয়ে গেছেন তিনি।

নির্বাচনে তার প্রধান প্রতিদ্বন্দী হিসেবে বিবেচনা করা হচ্ছে সঙ্গী জন বালাওয়েগার (এসজেবি) নেতা সজিথ প্রেমাদাসাকে। প্রেমাদাসা শ্রীলঙ্কার সাবেক প্রেসিডেন্ট রানাসিংহে প্রমাদাসার ছেলে। দেশটিতে গৃহযুদ্ধ চলাকালে ১৯৯৩ সালে সাবেক ওই প্রেসিডেন্ট আততায়ীর হাতে নিহত হন।

এছাড়া শক্ত প্রতিদ্বন্দ্বীতা করছেন বর্তমান প্রেসিডেন্ট রনিল বিক্রমাসিংহেও। রাজাপাকসা সরকার ক্ষমতাচ্যুত হওয়ার পর ভোটাভুটির মাধ্যমে তাকে প্রেসিডেন্টের দায়িত্ব দেয় শ্রীলঙ্কার পার্লামেন্ট। শ্রীলঙ্কার প্রথম নির্বাহী প্রেসিডেন্ট জে আর জয়বর্ধনের ভাগ্নে তিনি।

২০২২ সালে অর্থনীতি ভেঙে পড়ার পর নিত্যপণ্যের ব্যাপক ঘাটতি এবং আকাশছোঁয়া মূল্যস্ফীতি দেখা দেয় শ্রীলঙ্কাতে। মূলত সে সময়ই তার দল এনপিপির জন্য টার্নিং পয়েন্ট হয়ে দাঁড়ায়। দুর্নীতির বিরুদ্ধে সরব উপস্থিতি দিয়ে আলোচনায় আসেন তিনি।

রাজাপাকসে ভাইদের পদত্যাগে তৈরি হওয়া ক্ষমতার শূন্যতা দিসানায়েকে এবং তার দলের জন্য বৃহত্তর পরিবর্তনের পথ প্রশস্ত করে দেয়। প্রতিনিয়ত সামাজিক ন্যায়বিচার এবং দুর্নীতির বিরুদ্ধে তাদের কঠোর অবস্থান দেশটির জনগণকে আকৃষ্ট করে।

এছাড়া নিজের নির্বাচনীয় প্রচারণায় দুর্নীতির বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ এবং সুশাসনের প্রতিশ্রুতি দিয়ে মানুষের আগ্রহের কেন্দ্রস্থলে পৌঁছান তিনি।

শ্রীলঙ্কার রাজধানী কলম্বো থেকে ১৭৭ কিমি দূরে অনুরাধাপুরা জেলার থামবুটেগামা গ্রামে একটি মধ্যবিত্ত পরিবারে ১৯৬৮ সালে জন্মগ্রহণ করেন দিসানায়েকে। কেলানিয়া বিশ্ববিদ্যালয় থেকে বিজ্ঞান বিভাগে ডিগ্রি নিয়ে স্নাতক হন তিনি। ২০০০ সালে প্রথম সংসদ সদস্য হন দিসানায়েকে।

২০১৪ সালে দিসানায়েককে দল বিমুক্তি পেরেমুনাতে (জেভিপি) নেতা হিসেবে নিযুক্ত পাওয়ার পর থেকে তিনি দলের ভাবমূর্তিটিকে উন্নত করার লক্ষ্যে এবং সহিংস অতীত থেকে বের করার চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

# এখনো অশান্ত মণিপুর, টহলে সেনাবাহিনী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এখনো অশান্ত ভারতের সেভেন সিস্টারের অন্যতম রাজ্য মণিপুর। সেখানে যেকোনো অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি ঠেকাতে টহল দিচ্ছে দেশটির সেনাবাহিনী। একই সঙ্গে শনিবার দুটি পৃথক অভিযান চালিয়ে ভারতীয় সেনাবাহিনী ও পুলিশের যৌথ দল। যৌথ অভিযানে ফের বহু আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ উদ্ধার হয়েছে মণিপুরে। দক্ষিণ মণিপুরের পার্বত্য জেলা চুড়াচাঁদপুর, থৌবাল এবং ইম্ফল জেলার পূর্ব সীমানায় তল্লাশি অভিযানের পর ওই অস্ত্র উদ্ধার করা হয়েছে।

সেনাবাহিনী সূত্রে জানা গেছে, প্রথম অভিযানে চুড়াচাঁদপুরের থাংজিং ব্রিজের ওপরের ঘন জঙ্গল থেকে তারা দুটি ম্যাগাজিন, একটি সিঙ্গল ব্যারেল রাইফেল, দুটি ৯ এমএম পিস্তল, দুটি দেশি রকেট, একটি দূরপাল্লার মর্টার, দুটি মাঝারি পাল্লার মর্টার এবং চারটি বোমা উদ্ধার করেছে। আর এক দফা অভিযানে থৌবাল এবং ইম্ফলের পূর্ব সীমানার চাংবি গ্রাম থেকে দুটি কার্বাইন মেশিনগান, দুটি পিস্তল, একটি সিঙ্গেল ব্যারেল বন্দুক এবং নয়টি হ্যান্ড গ্রেনেডসহ আরও নানা আগ্নেয়াস্ত্র উদ্ধার করা হয়েছে। উদ্ধারকৃত সমস্ত অস্ত্র হস্তান্তর করা হয়েছে মণিপুর পুলিশের কাছে।


সম্প্রতি কংপোকপি এবং পশ্চিম ইম্ফলের দুটি জায়গায় ড্রোন হামলাকে কেন্দ্র করে মণিপুরের মেইতেই ও কুকি জনগোষ্ঠীর মধ্যে সংঘর্ষের পরিস্থিতি নতুন করে উত্তপ্ত হয়ে ওঠে। এর মাঝে শুক্রবারই পূর্ব ইম্ফলে বড় নাশকতার ছক বানচাল করেছে সেনাবাহিনী। বংজাং ও ইথাম গ্রামের পাহাড়ি রাস্তায় পুঁতে রাখা সাতটি আইইডির সন্ধান পেয়ে তা নিষ্ক্রিয় করা হয়েছে।

বিস্ফোরকগুলোর মোট ওজন প্রায় সাড়ে ২৮ কেজি! তবে এর মধ্যেই মণিপুরের উত্তপ্ত পরিস্থিতি নিয়ে শুরু হয়ে গেছে রাজনৈতিক বিতর্ক। মোদি সরকারের তৃতীয় শাসনকালের ১০০ দিন উপলক্ষ্যে সংবাদ সম্মেলনে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দাবি করেছেন, মণিপুরের পরিস্থিতি ক্রমশ স্বাভাবিক হচ্ছে এবং মুখ্যমন্ত্রী এন বীরেন সিংহ পদত্যাগ করছেন না। বরং আলোচনা চলছে কুকি ও মেইতেই দুই পক্ষের সঙ্গেই।

উল্টাদিকে মণিপুর কংগ্রেসের দাবি, রাজ্যে সহিংসতা, অশান্তি চলছেই। কুকি ও মেইতেইদের মধ্যে আলোচনা চলার কোনো প্রমাণই নেই। কংগ্রেসের কার্যনির্বাহী সভাপতি কে দেবব্রত সিংহ বলেছেন, অমিত শাহের কথায় কোনো সত্যতা নেই। কুকি ও মেইতেইদের মধ্যে শান্তি ফেরাতে বাস্তবে আলোচনা হওয়ারও কোনো প্রমাণ নেই।

# সিনেমার খবর

## যৌন হেনস্তার অভিযোগে 'স্ত্রী ২'র কোরিওগ্রাফার আটক







**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** হেমা কমিশনের রিপোর্টে উঠে এসেছে মালয়ালম ছবির জগতে একাধিক যৌন হেনস্থার ঘটনা। তার পর থেকেই মুখ খুলেছেন অন্যান্য ইন্ডাস্ট্রির অভিনেতারা। এ বার অভিযোগের নিশানায় 'স্ত্রী ২' ছবির কোরিওগ্রাফার। সিনেমার জনপ্রিয় গান 'আজ কি রাত' ও 'আয়ি নেহি'-র নাচের কোরিওগ্রাফি করেছেন শেখ জানি বাসা। তিনি বি-টাউনে জানি মাস্টার নামেও পরিচিত।

২১ বছরের এক তরুণী জানি মাস্টারের বিরুদ্ধে যৌন হেনস্তার অভিযোগ এনেছেন। হায়দরাবাদে রাইদুরগম থানায় অভিযোগ দায়ের করেছেন তিনি। জানি মাস্টারের সঙ্গে গত কয়েক মাস ধরে কাজ করেছেন অভিযোগকারী। আউটডোর শুটিংয়ের সময় জানি মাস্টার তাকে হেনস্তা করেছেন বলে অভিযোগ। তার পরেই মুখ খোলার সিদ্ধান্ত নেন তিনি।

এক বার নয়। একাধিকবার যৌন হেনস্তা করা হয়েছে বলে অভিযোগ ২১ বছরের তরুণীর। কখনও চেন্নাই, কখনও মুম্বাই, আবার কখনও হায়দরাবাদে তাকে হেনস্তা করা হয়েছে বলে জানান অভিযোগকারী। অভিযোগের ভিত্তিতে জানি মাস্টারকে আটক করেছে পুলিশ। ঘটনার তদন্ত শুরু হয়েছে। তবে অভিযুক্ত এই বিষয়ে এখনও কোনও মন্তব্য করেননি।

তেলুগু ছবির ইন্ডাস্ট্রিতে জানি মাস্টার কোরিওগ্রাফার হিসাবে পরিচিত মুখ। কন্নড় ছবিতেও কাজ করেছেন। একাধিক জনপ্রিয় গান রয়েছে তার কোরিওগ্রাফির তালিকায়। বলিউডে তার উল্লেখযোগ্য কাজের মধ্যে রয়েছে, 'তেরি বাতোঁ মে অ্যায়সা উলঝা জিয়া', 'লাল পিলি আঁখিয়া'। সম্প্রতি 'স্ত্রী' ছবির গানের কোরিওগ্রাফি করে খবরের শিরোনামে আসেন তিনি।

গত ১৫ অগস্ট মুক্তি পেয়েছে 'স্ত্রী ২'। ছবিতে অভিনয় করেছেন রাজকুমার রাও, শ্রদ্ধা কাপুর, পঙ্কজ ত্রিপাঠীসহ আরও অনেকে। ছবির গানগুলিও সাড়া ফেলেছে।

## পারিশ্রমিকে শাহরুখ-সালমানকেও ছাড়িয়ে গেলেন বিজয়



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** পারিশ্রমিকে এবার বলিউড অভিনেতা শাহরুখ খান ও সালমান খানকেও ছাড়িয়ে গেলেন দেশটির দক্ষিণী সিনেমার নায়ক থালাপতি বিজয়।

ভারতীয় গণমাধ্যমের প্রতিবেদন অনুসারে, বিজয়ের আগামী ও ক্যারিয়ারের শেষ চলচ্চিত্র 'থালাপতি ৬৯'-এর জন্য ২৭৫ কোটি টাকা পারিশ্রমিক নিয়েছেন তিনি! যা রীতিমতো নজির গড়েছে ভারতীয় সিনেমার ইতিহাসে।

দক্ষিণী তারকাদের মধ্যে দীর্ঘ সময় ধরে রাজত্ব করছেন থালাপতি বিজয়। ভারতজুড়েও তার ব্যাপক জনপ্রিয়তা। বিশেষ করে এই অভিনেতার সবশেষ সিনেমাগুলো চোখের পলকেই ১০০ কোটির বক্স অফিস কালেকশন পার করেছে। 'মার্শাল', 'থুপাক্কি', 'মাস্টার' এবং 'লিও'র মতো সুপারহিট সিনেমাতে বিজয়কে দেখেছেন দর্শক। ৪৯ বছরের এই অভিনেতার নাচেও মাতোয়ারা অনুরাগীরা।

এদিকে, সিনেমা থেকে দীর্ঘ বিরতি দিয়ে রাজনীতিতে প্রবেশ করতে চলেছেন বিজয়।

চলতি বছর লোকসভা নির্বাচনের শুরুর দিকে বিজয় ঘোষণা দিয়েছেন তার রাজনৈতিক দলের নাম। অভিনেতা দলের নাম রেখেছেন 'তামিলাগা ভেটরি কাজাগম'। অভিনেতার লক্ষ্য ২০২৬-এর তামিলনাড়ুর বিধানসভা নির্বাচন। থালাপতির ঘনিষ্ঠ মহলের দাবি, আগামী দিনে অনুরাগীদের কথা মাথায় রেখে তামিলনাড়ুর বাইরে কেরালা ও কর্নাটকেও সংগঠন গড়তে সক্রিয় বিজয়। ফলে রাজনীতিতে ব্যস্ততা বাড়বে তার। আর রাজনীতিতে জড়িয়ে পড়ায় সিনেমা থেকে নিজেকে সরিয়ে নেবেন। সে কারণেই তার শেষ সিনেমা নিয়ে ভক্তদের উত্তেজনার পারদও তুঙ্গে। সবকিছু বিবেচনায় ক্যারিয়ারের শেষ সিনেমায় বিশাল অঙ্কের পারিশ্রমিক নিয়েছেন এই তারকা।

## আম্বানীর কর্মচারীর সঙ্গে প্রেম নিয়ে মুখ খুললেন অনন্যা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউডের উঠতি তারকা অনন্যা পাণ্ডে সম্প্রতি তার ব্যক্তিগত জীবনের একটি নতুন অধ্যায়ের কথা শেয়ার করেছেন। প্রায় ২ বছর ধরে প্রেমের সম্পর্কে ছিলেন তিনি ও অভিনেতা আদিত্য রয় কাপুর। মুম্বাই থেকে স্পেন, লন্ডনসব জায়গাতেই তাদের একসঙ্গে দেখা গেছে। কিন্তু আচমকাই সবকিছু বদলে গেছে, এবং তাদের সম্পর্ক ভেঙে গেছে।

সংবাদমাধ্যমের খবর অনুযায়ী, মার্চ মাসে তাদের বিচ্ছেদ ঘটে। তবে এই বিচ্ছেদের পরেই অনন্যার জীবনে নতুন বসন্ত এসেছে। জানা গেছে, তিনি সাবেক মডেল ওয়াকার ব্ল্যাঙ্কোর সঙ্গে প্রেমের সম্পর্কে জড়িয়েছেন, যিনি বর্তমানে ভারতের ধনকুবের মুকেশ আম্বানীর কর্মচারী।

অনন্ত আম্বানী ও রাধিকা মার্চেন্টের প্রাক্-বিবাহ ক্রুজ পার্টিতে প্রথম ওয়াকারের সঙ্গে দেখা হয় অনন্যার। সেখানেই একে অপরের প্রতি তাদের আকর্ষণ তৈরি হয়। বর্তমানে তারা একে অপরকে ভালো করে জানার চেষ্টা করছেন এবং একটি বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তুলছেন।

সম্প্রতি একটি সাক্ষাৎকারে অনন্যা তার নতুন সঙ্গী সম্পর্কে বলেন, আমি চাই সে যেন রহস্যময় হয়, কারণ আমি নিজেও তো রহস্যময়ী। তিনি জানিয়েছেন, তার প্রেমিক এমন একজন হতে হবে, যিনি তাকে হাসাতে পারবেন এবং তার সবচেয়ে কাছের বন্ধু হবেন।

বর্তমানে ওয়াকার ব্ল্যাঙ্কো জামনগরে বাস করছেন এবং আম্বানীদের 'ভন্তারা অ্যানিম্যাল পার্ক'-এ কাজ করছেন। সম্প্রতি অনন্যার নতুন ওয়েব সিরিজ 'কল মি বে' মুক্তি পেয়েছে, আর সেই সিরিজ নিয়ে সোশ্যাল মিডিয়ায় প্রতিক্রিয়া জানিয়েছেন ওয়াকার। তিনি সিরিজের পোস্টার নিজের ইনস্টাগ্রাম স্টোরিতে শেয়ার করে লিখেছেন, 'হেই বে।'

ওয়াকারের এই পোস্ট দেখে অনেক নেটিজেনের মনে প্রশ্ন উঠেছে, তাহলে কি তারা নিজেদের সম্পর্কের ওপর সিলমোহর দিয়ে দিলেন? অনন্যা বলেছেন, আমি এমন একজন, যে প্রেমে পড়লে সবাইকে জানাতে পারি। তবে আমি তারও খেয়াল রাখি। আমরা যখন প্রচারের আলোতে থাকি, তখন সে হয়তো এমনটা পছন্দ নাও করতে পারে।

এখন সবার নজর রয়েছে অনন্যা ও ওয়াকারের এই নতুন প্রেমের দিকে, যা নিশ্চিতভাবেই বলিউডের একটি নতুন গল্পে পরিণত হবে।



## অবশেষে সালমান খানের সঙ্গে 'গোপন বিয়ে' মুখ খুললেন ঐশ্বরিয়া!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউডের 'ভাইজান' খ্যাত সালমান খানের সঙ্গে 'গোপন বিয়ের' খবর গুজব বলে উড়িয়ে দিয়েছেন অভিনেত্রী ঐশ্বরিয়া রায়। বিভিন্ন মাধ্যমে ছড়িয়ে পড়া এই খবরকে ভিত্তিহীন বলেছেন তিনি। সোমবার এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে পাকিস্তানভিত্তিক দ্য এক্সপ্রেস ট্রিবিউন।

মুম্বাইয়ের লোনাভালার একটি বাংলোতে গোপনে বিয়ের অনুষ্ঠান সেরেছেন সালমান ও ঐশ্বরিয়া।

প্রতিবেদনে আরও বলা হয়েছে, ঐশ্বরিয়া রায় বিয়ের জন্য ইসলাম ধর্ম গ্রহণ করেছেন। যা অভিনেত্রী পরিবারের কাছে গোপন রেখেছেন।

গুজব ছড়িয়েছে, সালমান ও ঐশ্বরিয়া এমনকি নিউইয়র্কে গোপন হানিমুনে গিয়েছিলেন। বলিউড ইন্ডাস্ট্রিতে এমন জল্পনা নেতিবাচক প্রভাব ফেলেছে ঐশ্বরিয়ার ক্যারিয়ারে।

এক সাক্ষাৎকারে ঐশ্বরিয়া বলেছেন, '(বিয়ের) খবরটি সত্য হলে, ইন্ডাস্ট্রি এটি সম্পর্কে জানত, কারণ এটি একটি ছোট পৃথিবী। আমি এমন কেউ নই যে আমার বিয়ে লুকিয়ে রাখবো।'

গত কয়েক মাস ধরে এমন জল্পনাই চলছে, সাবেক বিশ্বসুন্দরী ও বলিউড অভিনেত্রী ঐশ্বরিয়া রায়ের সঙ্গে তার স্বামী অভিনেতা অভিষেক বচ্চনের দাম্পত্যে দূরত্ব তৈরি হয়েছে।

## চেন্নাই টেস্ট:
# ভারতের কাছে লজ্জার হার বাংলাদেশের



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন** : চেন্নাই টেস্টের তৃতীয় দিন শেষেই বুঝা গিয়েছিলো বিশাল হার চোখ রাঙাচিছল বাংলাদেশকে। ভারতের বিপক্ষে দুই ম্যাচ সিরিজের প্রথম টেস্ট ম্যাচে বড় রানের ব্যবধানে হেরেছে বাংলাদেশ। রোহিত বাহিনীর দের ছুঁড়ে দেওয়া ৫১৫ রানের পাহাড় টপকাতে টাইগারদের দ্বিতীয় ইনিংস শেষ হয় ২৩৪ রানে। এর ফলে ২৮০ রানের জয় নিয়েই মাঠ ছাড়ে ভারত। একইসঙ্গে দুই ম্যাচ সিরিজে ১-০ ব্যবধানে এগিয়েও গেছে স্বাগতিকরা।

চেন্নাই টেস্ট জিততে শেষ দুই দিনে বাংলাদেশের দরকার ছিল আরও ৩৫৭ রান। এমন সমীকরণ সামনে রেখে চার উইকেটে ১৫৮ রান নিয়ে ব্যাটিংয়ে নামে দলটি। আজ রবিবার চতুর্থ দিনের শুরুটা ভালোই করে বাংলাদেশ। দিনের প্রথম ৪৫ মিনিট উইকেট হারায়নি দলটি। সাকিব আল হাসান ও নাজমুল হোসেন শান্ত বেশ আস্থার সঙ্গে ব্যাট চালাতে থাকেন।

ব্যক্তিগত ১৭ রানে অবশ্য অল্পের জন্য বেঁচে যান সাকিব। রবীন্দ্র জাদেজার বল খেলতে গিয়ে ক্রিজ ছেড়ে বেরিয়ে যান তিনি। বল তার ব্যাটের বাইরের কানা ঘেঁষে চলে যায় পেছনে। কিন্তু গ্লাভসে জমাতে পারেননি ঋষভ পান্ত। ফলে স্টাম্পডও হননি সাকিব। প্রথম ঘণ্টায় উইকেট হারায়নি বাংলাদেশ। কিন্তু বিপত্তি বাধে এরপরই। রবিচন্দ্রন অশ্বিনের ওভারে উইকেট বিলিয়ে দেন সাকিব। তার স্পিনকে সামনে এগিয়ে ব্লক করতে গেলে ব্যাকওয়ার্ড শর্ট লেগে ক্যাচ তুলে দেন সাকিব, যা লুফে নেন ইয়াশভি জায়সাওয়াল।২৬ বলে ২৫ রান করে ফিরে যান সাকিব। এই নিয়ে সাত ইনিংসে কোনো হাফ সেঞ্চুরি নেই বাংলাদেশের অলরাউন্ডারের। ১৯৪ রানে পঞ্চম উইকেট হারাল বাংলাদেশ।

সাকিবের বিদায়ের পর যেন শনির দশা লাগে বাংলাদেশের ইনিংসে। লিটন দাস, মেহেদী হাসান মিরাজ কেউই ক্রিজে টিকতে পারেননি বেশিক্ষণ। ১০ বলে ১ রান করে আউট হন লিটন। মিরাজ সমান বলে করেছেন ৮ রান। লেজের দিকের ব্যাটাররাও সুবিধা করতে পারেননি খুব একটা। সেঞ্চুরির খুব কাছে চলে যাওয়া শান্তও শেষ দিকে হতাশ করেছেন। মিস করেছেন সেঞ্চুরি। ১২৭ বলে ৮২ রানের ইনিংস খেলে দলের ২২২ রানের মাথায় আউট হন শান্ত। এরপর ২৩৪ রানের মাথায় সব উইকেট হারিয়ে অলআউট হয়ে যায় বাংলাদেশ। ১৪ বলে ৭ রান করা হাসান মাহমুদকে ফিরিয়ে ভারতের জয় নিশ্চিত করেন রবীন্দ্র জাদেজা। ২৮০ রানের জয় পায় টিম ইন্ডিয়া। ভারতের হয়ে ৬ উইকেট নেন রবিচন্দ্রন অশ্বিন। ৩ উইকেট তোলেন রবীন্দ্র জাদেজা। ১ উইকেট নিয়েছেন জাসপ্রীত বুমরাহ। সংক্ষিপ্ত স্কোর-


ভারত (প্রথম ইনিংস)- ৩৭৬/১০ (৯১.২ ওভার) (অশ্বিন ১১৩, জাদেজা ৮৬; হাসান ৫/৮৩, তাসকিন ৩/৫৫)

বাংলাদেশ (প্রথম ইনিংস)- ১৪৯/১০ (৪৭.১ ওভার) (শান্ত ২০, সাকিব ৩২, লিটন ২২, মিরাজ ২৭)

ভারত (দ্বিতীয় ইনিংস)- ২৮৭/৪ (৬৪ ওভার) (ইনিংস ঘোষণা) (গিল ১১৯*, পান্ত ১০৯; মিরাজ ২/১০৩)

বাংলাদেশ (দ্বিতীয় ইনিংস)- (লক্ষ্য ৫১৫ রান)- ২৩৪/১০ (৬২.১ ওভার) (জাকির ৩৩, শান্ত ৮২, সাকিব ২৫; অশ্বিন ৬/৮৮, জাদেজা ৩/৫৮)

## বারান্দা থেকে পড়ে আহত
# সৌদি ফুটবলার আইসিইউতে



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন** : দুবাইতে ছুটি কাটাতে গিয়ে নিজের ফ্ল্যাটের দ্বিতীয় তলার বারান্দা থেকে পড়ে গুরুতর আহত হন সৌদি আরবের ফুটবলার ফাহাদ আল-মুওয়ালাদ। বর্তমানে তিনি হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) রয়েছেন।

স্থানীয় পুলিশ জেনারেল কমান্ড থেকে জানানো হয়, এ বিষয়ে তদন্ত চলছে। মেডিকেল টিমের যথাসাধ্য তাকে প্রয়োজনীয় সেবা প্রদান অব্যাহত রেখেছে। বিবিসি জানিয়েছে, গত বৃহস্পতিবার এ দুর্ঘটনা ঘটে।

৩০ বর্ষী এই উইঙ্গার সৌদি প্রো লিগের ক্লাব আল শাবাবের হয়ে খেলেন। তিনি সৌদি আরবের হয়ে ৭৮টি আন্তর্জাতিক ম্যাচে অংশ নিয়েছেন। ২০১৮ সালে রাশিয়া বিশ্বকাপে আল-মুওয়ালাদ খেলেছিলেন। ঐ বছর স্প্যানিশ ক্লাবের সঙ্গে ধারে থাকাকালীন লেভান্তের হয়ে দুটি ম্যাচ খেলেছিলেন।

সৌদির জার্সিতে আল-মুওয়ালাদের গোল সংখ্যা ১৭টি। দেশটির বয়সভিত্তিক দলেও খেলেছেন। ২০১১ সালে আল-ইত্তিহাদে তিনি পেশাদার ক্লাব ক্যারিয়ার শুরু করেন। আল শাবাবে ২০২২ সালে যোগ দেন।

## বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ:
# কোন দল কত পয়েন্ট নিয়ে শেষ করতে পারে?




**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন** : ২০২৫ সালের জুনে লর্ডসে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে খেলবে পয়েন্ট তালিকার শীর্ষ দুই দল। টুর্নামেন্টের ৯টি দলের কার কেমন সম্ভাবনা আছে, সেটি জানিয়েছে আইসিসি। অর্ধেকের বেশি পথ পাড়ি দেওয়ার পর কোন দলের সর্বোচ্চ কত শতাংশ পয়েন্ট নিয়ে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের তৃতীয় চক্র শেষ করা সম্ভব, সেটিই হিসাব করে বের করেছে আইসিসি।

টেস্ট চ্যাম্পিয়নশিপের সবচেয়ে ধারাবাহিক দল ভারত। বিরাট কোহলির অধীনে তারা খেলছিল প্রথম আসরের ফাইনাল। সেবারে স্বপ্নভঙ্গ হয়েছিল নিউজিল্যান্ডের কাছে হেরে। পরেরবার রোহিত শর্মার নেতৃত্বে টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে নামে ভারত। এবারে অস্ট্রেলিয়ার কাছে ধরাশায়ী হয় তারা। তৃতীয় চক্রে এসেও ফাইনালের পথে বাকি সবার চেয়ে অনেকটাই এগিয়ে ভারত। তাদের পয়েন্ট ৬৮.৫২%। ফল: ওয়েস্ট ইন্ডিজ (বিদেশে, ০-১, জয়), দক্ষিণ আফ্রিকা (বিদেশে, ১-১, ড্র), ইংল্যান্ড (দেশে, ৪-১, জয়)

বাকি সিরিজ: বাংলাদেশ (দেশে, ২ টেস্ট), নিউজিল্যান্ড (দেশে, ৩ টেস্ট), অস্ট্রেলিয়া (বিদেশে, ৫ টেস্ট)

সর্বোচ্চ সম্ভাব্য পয়েন্ট: ৮৫.০৯%

দ্বিতীয় অবস্থানে আছে অস্ট্রেলিয়া। তাদের পয়েন্ট ৬২.৫০%।

ফল: ইংল্যান্ড (বিদেশে, ২-২, ড্র), পাকিস্তান (দেশে, ৩-০, জয়), ওয়েস্ট ইন্ডিজ (দেশে, ১-১, ড্র), নিউজিল্যান্ড (বিদেশে, ০-২, জয়)

বাকি সিরিজ: ভারত (দেশে, ৫ টেস্ট), শ্রীলঙ্কা (বিদেশে, ২ টেস্ট)

সর্বোচ্চ সম্ভাব্য পয়েন্ট: ৭৬.৩২%

নিউজিল্যান্ড তৃতীয়। তাদের পয়েন্ট ৫০%। ফল: বাংলাদেশ (বিদেশে, ১-১, ড্র), দক্ষিণ আফ্রিকা (দেশে, ২-০, জয়), অস্ট্রেলিয়া, (দেশে, ০-২, হার)

বাকি সিরিজ: শ্রীলঙ্কা (বিদেশে, ২ টেস্ট), ভারত (বিদেশে, ৩ টেস্ট), ইংল্যান্ড (দেশে, ৩ টেস্ট)

সর্বোচ্চ সম্ভাব্য পয়েন্ট: ৭৮.৫৭%

চতুর্থ বাংলাদেশ। ৪৫.৮৩% পয়েন্ট।

ফল: নিউজিল্যান্ড (দেশে, ১-১, ড্র), শ্রীলঙ্কা (দেশে, ০-২, হার), পাকিস্তান (বিদেশে, ২-০, জয়)

বাকি সিরিজ: ভারত (বিদেশে, ২ টেস্ট), দক্ষিণ আফ্রিকা (দেশে, ২ টেস্ট), ওয়েস্ট ইন্ডিজ (বিদেশে, ২ টেস্ট)

সর্বোচ্চ সম্ভাব্য পয়েন্ট: ৭২.৯২%

পঞ্চম অবস্থানে আছে শ্রীলঙ্কা। তাদের পয়েন্ট ৪২.৮৬%।

ফল: পাকিস্তান (দেশে, ০-২, হার), বাংলাদেশ (বিদেশে, ২-০, জয়), ইংল্যান্ড (বিদেশে, ১-২, হার)

বাকি সিরিজ: নিউজিল্যান্ড (দেশে, ২ টেস্ট), দক্ষিণ আফ্রিকা (বিদেশে, ২ টেস্ট), অস্ট্রেলিয়া (দেশে, ২ টেস্ট)

সর্বোচ্চ সম্ভাব্য পয়েন্ট: ৬৯.২৩%

ষষ্ঠ ইংল্যান্ড। ৪২.১৯% পয়েন্ট।

ফল: অস্ট্রেলিয়া (দেশে, ২-২, ড্র), ভারত (বিদেশে, ১-৪, হার), ওয়েস্ট ইন্ডিজ (দেশে, ৩-০, জয়), শ্রীলঙ্কা (দেশে, ২-১, জয়)

বাকি সিরিজ: পাকিস্তান (বিদেশে, ৩ টেস্ট), নিউজিল্যান্ড (বিদেশে, ৩ টেস্ট)

সর্বোচ্চ সম্ভাব্য পয়েন্ট: ৫৭.৯৫%

সপ্তম দক্ষিণ আফ্রিকা। ৩৮.৮৯% পয়েন্ট।

ফল: ভারত (দেশে, ১-১, ড্র), নিউজিল্যান্ড (বিদেশে, ০-২, হার) ওয়েস্ট ইন্ডিজ (বিদেশে, ১-০, জয়)

বাকি সিরিজ: বাংলাদেশ (বিদেশে, ২ টেস্ট), শ্রীলঙ্কা (দেশে, ২ টেস্ট), পাকিস্তান (দেশে, ২ টেস্ট)

সর্বোচ্চ সম্ভাব্য পয়েন্ট: ৬৯.৪৪%

১৯.০৫% পয়েন্ট নিয়ে অষ্টম অবস্থানে পাকিস্তান। ফল: শ্রীলঙ্কা (বিদেশে, ২-০, জয়), অস্ট্রেলিয়া (বিদেশে, ৩-০, হার), বাংলাদেশ (দেশে, ২-০, হার)

বাকি সিরিজ: ইংল্যান্ড (দেশে, ৩ টেস্ট), দক্ষিণ আফ্রিকা (বিদেশে, ২ টেস্ট), ওয়েস্ট ইন্ডিজ (দেশে, ২ টেস্ট)

সর্বোচ্চ সম্ভাব্য পয়েন্ট: ৫৯.৫২%

নবম ওয়েস্ট ইন্ডিজ। তাদের পয়েন্ট ১৮.৫২%।

ফল: ভারত (দেশে, ০-১, হার), অস্ট্রেলিয়া (বিদেশে, ১-১, ড্র) ইংল্যান্ড (বিদেশে, ৩-০, হার) দক্ষিণ আফ্রিকা (দেশে, ০-১, হার)

বাকি সিরিজ: বাংলাদেশ (দেশে, ২ টেস্ট), পাকিস্তান (বিদেশে, ২ টেস্ট)

সর্বোচ্চ সম্ভাব্য পয়েন্ট: ৪৩.৫৯%

# ৭-১ গোলের জয় নিয়ে আর্জেন্টিনার দারুণ সূচনা



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন** : ফুটসাল বিশ্বকাপ ২০২৪ এর উত্তেজনাপূর্ণ আসরে দারুণভাবে শুরু করেছে আর্জেন্টিনা। উজবেকিস্তানে অনুষ্ঠিত এই টুর্নামেন্টের গ্রুপ পর্বের প্রথম ম্যাচে ইউক্রেনের বিরুদ্ধে তারা পিছিয়ে পড়েও ৭-১ গোলে অবিশ্বাস্যভাবে জয় পেয়েছে। ইউক্রেনের পেট্রো শোতুরমার গোলের মাধ্যমে ম্যাচের ১৮ মিনিটের মাথায় তারা ১-০ লিড নেয়। কিন্তু এখান থেকেই যেন আর্জেন্টিনার জয়ের অদম্য ইচ্ছা ফুটে ওঠে।


ম্যাচের নায়ক হিসেবে উদ্ভাসিত হন কেভিন আরিয়েত্তা, যিনি ইনজুরির কারণে দলে যুক্ত হয়েছিলেন। তিনি দুর্দান্ত দুই গোল করে ম্যাচের রং পাল্টে দেন। ক্রিশ্চিয়ান বোরুতোও জোড়া গোল করেছেন, আর অ্যালান ব্রান্ডি, মাতিয়াস রোসা এবং লুকাস বোলি অ্যালেমিনো তাদের দলের জয় নিশ্চিত করতে ৩টি গোল করেন।

এদিকে, গ্রুপ 'সি' এর আরেক ম্যাচে আফগানিস্তান ও অ্যাঙ্গোলার মধ্যে জমজমাট লড়াই হয়েছে। দুই দলের মাঝে চলা আক্রমণ-পাল্টা আক্রমণ শেষ পর্যন্ত আফগানিস্তানের ৬-৪ গোলের জয় দিয়ে শেষ হয়েছে।

এই ২৪ দলের টুর্নামেন্টে প্রতিটি গ্রুপের চ্যাম্পিয়ন ও রানার্সআপ দল জায়গা পাবে শেষ ষোলোতে। আগামী ২৬ সেপ্টেম্বর থেকে শুরু হবে দ্বিতীয় রাউন্ডের খেলা।

আর্জেন্টিনার এই দুর্দান্ত শুরু ফুটবলপ্রেমীদের মনে এক নতুন আশা জাগিয়েছে।

## ছক্কা মেরে স্টেডিয়ামের
# দেয়াল ভাঙলেন কোহলি



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন** : চেন্নাইয়ের এম এ চিদাম্বরম স্টেডিয়ামে বাংলাদেশ বিপক্ষে খেলার প্রস্তুতি নিচ্ছে ভারতীয় ক্রিকেট দল। আগামী বৃহস্পতিবার শুরু হবে প্রথম টেস্ট। তার আগে নিজেদের ঝালিয়ে নিচ্ছেন ভারতের বোলার ব্যাটাররা। রোহিত শর্মা, বিরাট কোহলি, শুভমান গিলরা ব্যাট নেটে ব্যাট চালানোর প্রস্তুতি নিচ্ছেন। যশপ্রীত বুমরা, রবিচন্দ্রন অশ্বিন, রবীন্দ্র জাদেজারা ব্যস্ত বোলিংয়ে।

কোহলি বরাবরই একটু আলাদা। তিনি নেটে বাড়তি সময় দিচ্ছেন। প্রায় আট মাস টেস্ট ক্রিকেটে ফিরছেন এই তারকা ব্যাটার। এবার শুধু ডিফেন্সিভ নয় আগ্রাসী ব্যাটিংয়ের চর্চাও করছেন কোহলি। চার-ছক্কাও মেরেছেন ধুমধারাক্কা।

নেটে অনুশীলনের সময় তো কোহলির মারা ছয়ে এম এ চিদাম্বরম স্টেডিয়ামের একটি দেয়ালই ফুটো হয়ে গেছে।

কোহলির সেই শটের ভিডিও এরই মধ্যে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। এক ইন্টারনেট ব্যবহারকারী সেই ভিডিওতে মন্তব্য করেছেন, ওচিপকে (চেন্নাইয়ের যেখানে এম এ চিদাম্বরম স্টেডিয়ামের অবস্থান) অনুশীলন সেশনে ছক্কা মেরে বিরাট কোহলি দেয়াল ভেঙে ফেলেছেন। আরেকজনের মন্তব্য ছিল এ রকম, 'গোট (সর্বকালের সেরা) শাসন করতে আসছেন।'

চিপকের ঠিক কোন জায়গার দেয়ালে ফুটো হয়েছে, সেটা জানা যায় আরেকজনের মন্তব্যে, 'অনুশীলনের সময় বিরাট কোহলি ছক্কা মেরে চিপকে ভারত দলের ড্রেসিংরুমের দেয়াল ভেঙে ফেলেছেন।'

## বাংলাদেশকে অবহেলা করলে
# মাশুল দিতে হবে রোহিতদের : সুনীল গাভাস্কার



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন** : ওয়ানডে ক্রিকেটে ভারতকে অনেকবার হারিয়েছে বাংলাদেশ। তবে টেস্টে এখনও জয় পায়নি টাইগাররা। তাই বলে তাদের হালকা করে নেওয়ার কোনো সুযোগ দেখেন না সুনীল গাভাস্কার। কিছুদিন আগে পাকিস্তানকে হোয়াইটওয়াশ করা বাংলাদেশ দলের ব্যাপারে ভারতকে আগেভাগে সতর্ক করে দিলেন দেশটির কিংবদন্তি এই ব্যাটসম্যান।

দুই টেস্ট ও তিন টি-টোয়েন্টি খেলতে এরই মধ্যে ভারতে গেছে বাংলাদেশ। চেন্নাইয়ে আগামী বৃহস্পতিবার শুরু হবে প্রথম টেস্ট। গাভাস্কারের শঙ্কা, বাংলাদেশকে অবহেলা করলে পাকিস্তানের মতোই পরিণতি হতে পারে রোহিত শর্মার দলের।

পাকিস্তানকে তাদেরই মাটিতে ২-০তে টেস্ট সিরিজে হারিয়ে ক্রিকেট বিশ্বের বাড়তি সমীহ আদায় করে নিয়েছে বাংলাদেশ। নাজমুল হোসেন শান্তর দলকে প্রশংসায় ভাসিয়েছেন গাভাস্কারও।

২০২২ সালে বাংলাদেশ সফরে এসে সবশেষ দ্বিপাক্ষিক সিরিজে ওয়ানডেতে ২-১ ব্যবধানে হেরেছিল ভারত। টেস্টে জয় না পেলেও দ্বিতীয় ম্যাচে সফরকারীদের নাভিশ্বাস তুলে ছেড়েছিল বাংলাদেশ। অল্পের জন্য ওই ম্যাচে বেঁচে যায় ভারত।

বাংলাদেশের সাম্প্রতিক ছন্দের কথা মনে করিয়ে ভারতীয় দৈনিক মিড ডে তে লেখা কলামে রোহিতের দলকে সতর্ক করে দিয়েছেন দেশটির ব্যাটিং গ্রেট।

তিনি বলেন, "পাকিস্তানের মাঠে খেলা দুই টেস্টেই পাকিস্তানকে হারিয়ে বাংলাদেশ দেখিয়েছে, তারা এখন সমীহ করার মতো দল। কয়েক বছর আগেও ভারত দল যখন বাংলাদেশে গিয়েছিল, তাদেরকে কঠিন পরীক্ষা নিয়ে ছিল বাংলাদেশ। এখন পাকিস্তানের বিপক্ষে সিরিজ জেতার পর তারা ভারতকেও কঠিন চ্যালেঞ্জ জানাতে প্রস্তুত।"

গাভাস্কারের মতে, তারুণ্য ও অভিজ্ঞতার মিশেলে গড়া বাংলাদেশ দল কাউকে আর ভয় পায় না। তাই ভারতীয় দলকে জয় নিশ্চিত করতে বাংলাদেশকে কোনোভাবেই অবহেলা না করার পরামর্শ দিয়েছেন তিনি।

"বাংলাদেশ দলে কিছু দারুণ ক্রিকেটার আছে, কিছু নতুন প্রতিভাবান খেলোয়াড় আছে যারা আর প্রতিপক্ষকে দেখে ভড়কে যায় না, যা আন্তর্জাতিক ক্রিকেটে তাদের শুরুর দিনগুলোতে দেখা যেত।"

"এখন যেসব দল তাদের মোকাবিলা করবে, তারাও জানে বাংলাদেশকে হালকাভাবে নেওয়া যাবে না, কারণ পাকিস্তানের মতো তাদেরও হারতে হতে পারে। তো এই সিরিজটি নিশ্চিতভাবেই দেখার মতো হবে,'- বলেন সুনীল গাভাস্কার।

## কানপুর টেস্টের জন্য
### শক্তিশালী দল ঘোষণা ভারতের



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন** : চেন্নাইয়ে দুই ম্যাচ টেস্ট সিরিজের প্রথমটিতে বাংলাদেশকে ২৮০ রানে হারিয়েছে ভারত। প্রথম ইনিংসে ৩৭৬ রানে অলআউট হয় স্বাগতিকরা। পরে বাংলাদেশ করতে পারে কেবল ১৪৯ রান। ফলো অন না করিয়ে দ্বিতীয় ইনিংসে ৪ উইকেটে ২৮৭ রান করে ইনিংস ঘোষণা করে ভারত। দ্বিতীয় ইনিংসে ২৩৪ রানে অলআউট হয়েছে বাংলাদেশ।

প্রথম টেস্ট জয়ের পরই দ্বিতীয় টেস্টের দল ঘোষণা করেছে বিসিসিআই। আজ রবিবার (২২ সেপ্টেম্বর) কানপুর টেস্টের জন্য স্কোয়াড ঘোষণা করেছে বিসিসিআই। বুমরাহসহ ২-১ জন ক্রিকেটারকে বিশ্রামের গুঞ্জনের শোনা গেলেও দ্বিতীয় টেস্টের দলে কোনো পরিবর্তন আনেনি স্বাগতিকরা। যার মানে পূর্ণশক্তির দল নিয়েই কানপুরে মাঠে নামবে গৌতম গম্ভীরের শিষ্যরা।

একনজরে দেখে নেওয়া যাক দুই দলের টেস্ট স্কোয়াড

বাংলাদেশ দল : নাজমুল হোসেন শান্ত (অধিনায়ক), সাদমান ইসলাম , জাকির হাসান, মুমিনুল হক , মুশফিকুর রহিম, সাকিব আল হাসান, লিটন দাস, মেহেদী হাসান মিরাজ, জাকের আলী অনিক, তাসকিন আহমেদ, হাসান মাহমুদ, নাহিদ রানা, তাইজুল ইসলাম, মাহমুদুল হাসান জয়, নাঈম হাসান ও খালেদ আহমেদ।

ভারত দল : রোহিত শর্মা (অধিনায়ক), যশস্বী জয়সওয়াল, শুভমান গিল, বিরাট কোহলি, লোকেশ রাহুল, সারফরাজ খান, রিশাভ পন্থ (উইকেটরক্ষক), ধ্রুব জুরেল (উইকেটরক্ষক), রবিচন্দ্রন অশ্বিন, রবীন্দ্র জাদেজা, অক্ষর প্যাটেল, কুলদীপ যাদব, মোহাম্মদ সিরাজ, আকাশ দ্বীপ, জাসপ্রীত বুমরাহ ও যশ দয়াল।

■ স্বত্বাধিতকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR